# শিক্ষক সহায়িকা

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## তৃতীয় শ্রেণি







জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

শিক্ষক সহায়িকা

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## তৃতীয় শ্রেণি


রচনা ও সংকলন

মোঃ মুনাব্বির হোসেন

সরোজ কুমার সাহা

মোঃ মুরতাজ হোসেন

মোঃ আব্দুর রহিম

গাজী মোহাম্মদ নাজমুল হোসেন



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

কর্তৃক প্রকাশিত


---


**(প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত)**



প্রথম মুদ্রণ :

গ্রাফিক ডিজাইন

**মোহাম্মদ ফজলুল কবির**

ডিজাইন

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ


প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

---


মুদ্রণে :

# প্রসঙ্গ-কথা

শিশুর মনোজগৎ এক অপার বিস্ময়ের লীলাভূমি। নানা কল্পনার রংবেরঙের খেলা চলে সেখানে। সেই জগতে শিক্ষাকে সমৃদ্ধ করতে তাই দার্শনিক, মনোবিজ্ঞানী, শিশুবিশেষজ্ঞ ও শিক্ষাবিদদের ভাবতে হয় অবিরাম। শিশুর অপরিসীম বিস্ময়, কৌতূহল, আনন্দ, আগ্রহ, উদ্যম-এর যথায়থ ব্যবহার করে সর্বাঙ্গীণ বিকাশ সাধন করা প্রয়োজন। তাই শিশুর জন্য সক্রিয় ,অভিজ্ঞতাভিত্তিক ও শিশুকেন্দ্রিক শিখন পরিকল্পনা করে তার মাধ্যমে সামগ্রিক বিকাশ নিশ্চিত করার লক্ষ্যে পরিমার্জিত শিক্ষাক্রমের আলোকে তৃতীয় শ্রেণির বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষক সহায়িকা রচিত হয়।

শিক্ষার লক্ষ্য অর্জনে এবং কার্যকর শিখন নিশ্চিতকরণে শিশুর বহুমাত্রিক শিখন প্রক্রিয়া বিশেষ গুরুত্বপূর্ণ। শিক্ষাক্রম পরিবর্তনের এ ধারায় পূর্বের তৃতীয় শ্রেণির বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষক সংস্করণের পরিবর্তে শিক্ষক সহায়িকা নামকরণ করা হয়েছে। পূর্বের শিক্ষক সংস্করণের মত বর্তমান শিক্ষক সহায়িকায় পাঠ্যপুস্তকের বিষয়বস্তু সংযোজন করা হয়নি। কিন্তু শ্রেণিকক্ষে পাঠ্যপুস্তকের সর্বোত্তম ব্যবহারের বিষয়টি লক্ষ্য রেখেই রচনা করা হয়েছে, যা সাধারণ নির্দেশনায় বিশদ বর্ণনা করা আছে

শিশুর আগ্রহ, প্রবণতা, সামর্থ্য, কৌতুহল, উদ্যম ইত্যাদি বিবেচনায় রেখে অভিজ্ঞতাভিত্তিক, সক্রিয়, আনন্দদায়ক এবং সহযোগিতামূলক শিখনের আলোকে রচিত শিক্ষক সহায়িকাটিতে শিশুর অভিজ্ঞতা ও অনুসন্ধিৎসার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। পাঠ্যপৃস্তকে ব্যবহৃত চিন্তার উদ্রেককারী ছবি, কেস স্টাডি, চিত্র বিশ্লেষণ ইত্যাদি কীভাবে ব্যবহার করে প্রাসঙ্গিক প্রশ্নোত্তরের মাধ্যমে শিক্ষার্থীর অভিজ্ঞতা, চিন্তা ও কল্পনাশক্তি ব্যবহারপূর্বক পাঠের বিষয়বস্তু অনুধাবনে সহায়তা করতে ব্যবস্থা রাখা হয়েছে। তথ্যের সূত্র দিয়ে অধিকতর তথ্য সংগ্রহে এবং সংগৃহীত তথ্যের সংশ্লেষণের মাধ্যমে পূর্ণাঙ্গ জ্ঞান অর্জনের দিকে শিক্ষার্থীকে চালিত করার চেষ্টা করা হয়েছে। শিখন-শেখানো কার্যাবলিতে অভিজ্ঞতাভিত্তিক ও জীবনঘনিষ্ট একাধিক পরিকল্পিত কাজের আয়োজন রয়েছে, যাতে শিক্ষার্থীর মধ্যে কাঙ্খিত জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের উন্মেষ ঘটে।

তৃতীয় শ্রেণির শিক্ষক সহায়িকাটি প্রণয়নের সময়ে পূর্ব-শ্রেণির শিখন ধারাবাহিকতা বজায় রাখা হয়েছে। এই শ্রেণিতে সাধারণত আট বছরের অধিক বয়সের শিশুরা পাঠ গ্রহণ করে। বয়সের কথা বিবেচনা রেখে শিক্ষাক্রমের উল্লম্ব ও আনুভূমিক বিস্তারের অনুসারে শিখন-শেখানো কার্যাবলিতেও সে ধারা বজায় রাখা হয়েছে। অর্জন উপযোগী যোগ্যতাকে যাচাইযের জন্য প্রতিটি অর্জন উপযোগী যোগ্যতাসংশ্লিষ্ট বিষয়বস্তু উপস্থাপনান্তে পারদর্শিতা মূল্যায়ন ছক সংযোজন করা হয়েছে, যার মাধ্যমে শিক্ষার্থীর যোগ্যতার অর্জন যাচাই করা যায়।

রচনা, সম্পাদনা, যৌক্তিক মূল্যায়ন, পরিমার্জন, মুদ্রণ ও প্রকাশনা ইত্যাদি সব ধাপ মিলিয়ে শিক্ষক সহায়িকাটি প্রণয়ন একটি বিশাল কর্মযজ্ঞ। পরিমার্জিত শিক্ষাক্রমের ভিত্তিতে প্রথমবার প্রণীত বিধায় এ শিক্ষক সহায়িকাটি প্রণয়ন ছিলো আরো বেশি চ্যালেঞ্জিং। শিক্ষক সহায়িকাটি প্রণয়নের বিভিন্ন পর্যায়ে যাঁরা সহায়তা করেছেন তাঁদের সবাইকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সযত্ন প্রয়াস ও সতর্কতা থাকা সত্বেও এতে কিছু অনাকাঙ্খিত ত্রুটি-বিচ্যুতি থেকে যেতে পারে। শিক্ষক সহায়িকাটি অধিকতর উন্নয়নের জন্য যেকোনো গঠনমূলক ও যুক্তিসংগত পরামর্শ গুরুত্বের সঙ্গে বিবেচিত হবে। কোমলমতি শিশুর বিকাশে এই শিক্ষক সহায়িকাটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে বলে প্রত্যাশা করছি ।

**প্রফেসর মোঃ ফরহাদুল ইসলাম**

চেয়ারম্যান

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# সাধারণ নির্দেশনা

অভিজ্ঞতাভিত্তিক, সহযোগিতামূলক ও সক্রিয় শিখনের আলোকে রচিত তৃতীয় শ্রেণির পাঠ্যপুস্তককে শ্রেণিকক্ষে শিখন-শেখানো প্রক্রিয়ায় সর্বোত্তম উপায়ে ব্যবহারের জন্যেই শিক্ষক সহায়িকা প্রণীত। শিক্ষক সহায়িকা প্রণয়নে পাঠ্যপুস্তক রচনার দর্শন অর্থাৎ অভিজ্ঞতামূলক শিখন প্রক্রিয়া অনুসরণ করা হয়েছে। পাঠ্যপুস্তকের অধ্যায়গুলো একাধিক বিষয়বস্তুতে বিন্যস্ত। প্রতিটি বিষয়বস্তুতে বিভিন্ন কাজ (Activity) সংযোজন করা হয়েছে। সংযুক্ত কাজগুলোই অভিজ্ঞতাভিত্তিক শিখন প্রক্রিয়ার এক একটি অংশ।




পাঠ্যপুস্তকটি ১৩টি অধ্যায় ও ৩৮টি বিষয়বস্তুতে বিভাজিত। প্রতিটি বিষয়বস্তুতে তিন থেকে পাঁচটি কাজ (Activity) সংযুক্ত করা হয়েছে। এ কাজগুলো কাঠিন্যের মাত্রা অনুযায়ী ধাপে ধাপে এমনভাবে বিন্যস্ত হয়েছে যা একদিকে শিক্ষার্থীদের জন্যে নির্ধারিত শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা অর্জনে সহায়ক, অপরদিকে তাদেরকে সহযোগিতামূলক (Collaborative), কাজের মাধ্যমে শিখন (Learning by doing) ও সক্রিয় অংশগ্রহণে (Active participation) উদ্বুদ্ধ করে। জাতীয় শিক্ষাক্রম রূপরেখার আলোকে উক্ত বিষয়বস্তুসমূহকে ৬০টি সেশনে ভাগ করা হয়েছে। অভিজ্ঞতাভিত্তিক শিখন প্রক্রিয়ার চক্রটি পূর্ণ বাস্তবায়নের জন্যে কখনও কখনও ২টি সেশন একসাথে লিখিত হয়েছে। আবার কখনও কখনও একাধিক সেশনের মাধ্যমে প্রক্রিয়াটি সম্পন্ন হয়েছে। মূল উদ্দেশ্য হলো অভিজ্ঞতাভিত্তিক শিখন প্রক্রিয়ার মাধ্যমে শিক্ষার্থীর বিষয়বস্তুভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা অর্জন। আর তাই ধারাবাহিক মূল্যায়নের জন্যে অর্জন উপযোগী যোগ্যতার আলোকে পারদর্শিতার সূচক ব্যবহার করা হয়েছে।

শিখন-শেখানো কার্যাবলি কার্যকরী উপায়ে পরিচালনার ক্ষেত্রে শিক্ষক নিম্নের বিষয়গুলো বিবেচনা করবেন:

১. প্রতিটি সেশন শুরুর পূর্বে পাঠসংশ্লিষ্ট বিষয়বস্তু, শিখনফল এবং শিখন-শেখানো কার্যাবলি মনোযোগ সহকারে পড়ে প্রস্তুতি গ্রহণ করবেন।

২. শিখন নিশ্চিতকরণে প্রত্যেক শিক্ষার্থীর শিখন চাহিদা বিবেচনা করবেন।

৩. শিখন-শেখানো কার্যাবলি পরিচালনার ক্ষেত্রে শিক্ষার্থীকেন্দ্রিক কৌশল ব্যবহার করবেন।

৪. প্রতিটি সেশনে বর্ণিত নির্দেশনা যথাসম্ভব অনুসরণ করবেন। যেমন-

- কাজটি করার জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- শিক্ষার্থী কাজটা করবে এবং শিক্ষক প্রয়োজনীয় ক্ষেত্রে সহায়তা প্রদান করবেন।
- যে সকল শিক্ষার্থীর শিখন দুর্বলতা রয়েছে তাদের ক্ষেত্রে বিশেষ মনোযোগ দেবেন।
- শিখন-শেখানো কার্যাবলির প্রতিটি ধাপে শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করবেন।
- শিক্ষার্থীকে ধারণা প্রদানে উৎসাহ প্রদান করবেন। ভুল ধারণা/অসম্পূর্ণ ধারণা প্রকাশের ক্ষেত্রে ইতি-বাচক থাকবেন।
- কাজের ফলাফল শিক্ষার্থীদের দিয়ে উপস্থাপন করাবেন।

৫. নির্ধারিত সময়ের মধ্যে সেশনের সকল কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে পূর্বেই সেশনের সময় বিভাজন করবেন ।

৬. পাঠ্যপুস্তকে নির্ধারিত কাজ (activity) সম্পন্ন করার জন্যে অধিকাংশ ক্ষেত্রে পাঠ্যপুস্তকের নির্ধারিত স্থানই ব্যবহার করবে। বিশেষ বিশেষ ক্ষেত্রে শিক্ষার্থীদের খাতা ব্যবহারের প্রয়োজন হবে।

৭. শিক্ষার্থীর ধারাবাহিক মূল্যায়নের জন্যে শিক্ষক সহায়িকায় অর্জন উপযোগী যোগ্যতাভিত্তিক পারদর্শিতার মূল্যায়ন ছক সংযোজন করা হয়েছে। ধারাবাহিক মূল্যায়নের জন্যে সংযোজিত পারদর্শিতার মূল্যায়ন ছক ব্যবহার করে শিক্ষার্থী মূল্যায়ন করবেন।

৮. উপকরণ সংগ্রহ, তৈরি, ব্যবহার ও সংরক্ষণে শিক্ষার্থীদের সম্পৃক্ত করবেন।

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ০১ | আমাদের পরিবেশ | ১ |
| ০২ | আমরা সবাই মানুষ | ১৪ |
| ০৩ | আমাদের জাতির পিতা | ২৪ |
| ০৪ | আমাদের ইতিহাস | ৩২ |
| ০৫ | আমাদের সংস্কৃতি | ৪৬ |
| ০৬ | মহাদেশ ও মহাসাগর | ৫২ |
| ০৭ | পরিবার ও বিদ্যালয়ে শিশুর ভূমিকা | ৬৪ |
| ০৮ | শিশু অধিকার ও নিরাপত্তা | ৮০ |
| ০৯ | নৈতিক ও মানবিক গুণ | ৯৪ |
| ১০ | আমাদের দেশ | ১০৩ |
| ১১ | বিভিন্ন পেশা | ১১৬ |
| ১২ | টাকার ব্যবহার | ১২৭ |
| ১৩ | জরুরি পরিস্থিতি মোকাবেলা | ১৩৪ |

# অধ্যায় : ১
# আমাদের পরিবেশ

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

১.১ বৈচিত্র্যময় প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ সম্পর্কে জেনে তা সংরক্ষণে সক্রিয় ভূমিকা রাখা।

## ১ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্য

**সেশন সংখ্যা: ২**

**সেশন-০১**

**(কাজ ক ও খ; পৃষ্ঠা: ১ ও ২)**

**শিখনফল**

১.১.১ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্য বর্ণনা করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১ এ দেওয়া ছবি

২. প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের ছবি/ পোস্টার/ ভিডিও ক্লিপ।

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ সংশ্লিষ্ট ছবি/ ভিডিও প্রদর্শন করবেন।

৩. বিদ্যালয়ে আসার পথে শিক্ষার্থীরা প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ সংশ্লিষ্ট কী কী দেখেছে তা জানতে চাইবেন।

৪. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে এগুলোর মধ্যে কোনগুলো মানুষের সৃষ্ট এবং কোনগুলো মানুষের সৃষ্ট নয় তা জানতে চাইবেন।

৫. প্রাপ্ত উত্তরের মাধ্যমে আজকের সেশন শিরোনাম **'প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্য'** ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

## খ. মূলপাঠ

### ১. পর্যবেক্ষণ ও আলোচনা এবং একক কাজ (কাজ-ক)

- পাঠ্যপুস্তকে ব্যবহৃত প্রথম ছবিটি মনোযোগ সহকারে পর্যবেক্ষণ করতে বলবেন।
- নির্দিষ্ট সময় শেষে শিক্ষার্থীরা এককভাবে পাঠ্যপুস্তকে দেওয়া **'কাজ-ক'** এর ছকটি পূরণ করবে।
- পূরণকৃত ছক জোড়ায় বসে মেলাবে। শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন।
- কয়েকজন শিক্ষার্থীর নিকট প্রদর্শিত উপকরণে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের কী কী বৈচিত্র্য রয়েছে তা প্রশ্ন করে জানতে চাইবেন।
- প্রয়োজনীয় ফিডব্যাক প্রদান করে শিক্ষার্থীদের ধারণা সংহত করবেন।
- পাঠ্যপুস্তকের বিষয়বস্তু **'প্রাকৃতিক পরিবেশের .... পরিবেশে ভিন্নতা রয়েছে।'** পৃষ্ঠা ২ নীরবে পাঠ করতে বলবেন।
- বিষয়বস্তুর সারসংক্ষেপ আলোচনা করবেন।

### ২. দলগত কাজ (কাজ-খ)

- ৬-৮জনের দল গঠন করবেন। কিছু দল **'প্রাকৃতিক পরিবেশের বৈচিত্র্য'** এবং কিছু দল 'সামাজিক পরিবেশের বৈচিত্র্য'নিয়ে কাজ করবে।
- বিষয়বস্তু পাঠ করে কাজটি সম্পন্ন করতে বলবেন।
- কাজ চলাকালীন ঘুরে ঘুরে সব কাজ তদারক করবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- সবার কাজ শেষে প্রত্যেক দল তাদের কাজ উপস্থাপন করবে।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

## গ. উপসংহার

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**সেশনসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন-০২

### (কাজ গ ও ঘ; পৃষ্ঠা: ২ ও ৩)

**শিখনফল**

১.১.১ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্য বর্ণনা করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

১. প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের ছবি/ পোস্টার/ ভিডিও ক্লিপ।

২. পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ২ এ বিষয়বস্তু ও পৃষ্ঠা ৩ এ প্রদত্ত কর্মপত্র

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পূর্ব পাঠের সাথে সম্পর্কিত কিছু প্রশ্ন শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন। যেমন:

   - প্রাকৃতিক পরিবেশের উপাদান কী কী? সবাই একটি করে উপাদানের নাম বল।
   - আমাদের এলাকায় কী কী সামাজিক পরিবেশের উপাদান আছে?

৩. প্রাপ্ত উত্তরের মাধ্যমে আজকের পাঠ শিরোনাম **'প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্য'** ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. প্রশ্নোত্তর ও আলোচনা**

- শিক্ষার্থীদের নিচের প্রশ্নগুলো করবেন:
   - আমাদের এলাকায় কী কী ধরনের পশুপাখি দেখতে পাওয়া যায়?
   - আমাদের এলাকায় যাতায়াতের ক্ষেত্রে কোন ধরনের যানবাহন বেশি ব্যবহৃত হয়?
   - কয়েকটি সামাজিক অনুষ্ঠানের নাম বল।
- প্রশ্নোত্তরের পরে পৃষ্ঠা ২ এর বিষয়বস্তুর সারসংক্ষেপ আলোচনা করবেন।
- এরপর দলগত কাজ শুরু করবেন।

**২. দলগত কাজ (কাজ-ঘ)**

- উপস্থিত শিক্ষার্থীদের নিয়ে দল গঠন করবেন। শিক্ষার্থীরা পৃষ্ঠা ২ এর বিষয়বস্তু পাঠ করে **'কাজ-ঘ'** সম্পন্ন করবে। শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন।

- এরপর শিক্ষার্থীরা দলগত কাজ উপস্থাপন করবে।
- দলগত কাজ উপস্থাপন শেষে প্রত্যেক শিক্ষার্থী তাদের পাঠ্যপুস্তকের ছক পূরণ করবে।

### ৩. অ্যাসাইনমেন্ট (কাজ-গ)

পরবর্তী ক্লাসে জমা দেওয়ার জন্যে **'কাজ-গ'** সম্পন্ন করার প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন।

**অ্যাসাইনমেন্টের দিক নির্দেশনা প্রদান**

অ্যাসাইনমেন্ট ১: বিজোড় রোলনম্বরধারী শিক্ষার্থীরা করবে

অ্যাসাইনমেন্ট ২: জোড় রোলনম্বরধারী শিক্ষার্থীরা করবে

সাদা কাগজের এক পৃষ্ঠায় পাঁচটি বাক্যে অ্যাসাইনমেন্ট লিখবে।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

### গ. উপসংহার

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**সেশনসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

# ২ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্যের গুরুত্ব

**সেশন সংখ্যা: ২**

**সেশন-০৩**

**(কাজ ক; পৃষ্ঠা: ৪)**

**শিখনফল**

১.১.২ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্যের গুরুত্ব উল্লেখ করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের উপকারিতা বিষয়ক ছবি/ পোস্টার/ ভিডিও ক্লিপ।

২. পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৪ এর বিষয়বস্তু

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. অ্যাসাইনমেন্ট জমা গ্রহণ করবেন।

৩. পূর্ব পাঠের সাথে সম্পর্কিত কিছু প্রশ্ন শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন। যেমন:

- ○ আমাদের এলাকায় কোন কোন ফল পাওয়া যায়? এ অঞ্চলের কয়েকটি সামাজিক বা ধর্মীয় উৎসবের নাম বল।
- ○ এরপর বৈচিত্র্যপূর্ণ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের ছবি/পোস্টার/ভিডিও প্রদর্শন করবেন।
- ○ শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন ছবি/পোস্টার/ভিডিওতে আমরা কী দেখতে পাচ্ছি?

৪. উত্তরের মাধ্যমে আজকের সেশন শিরোনাম **"প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্যের গুরুত্ব"** ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. আলোচনা**

- পাঠ্যপুস্তকের ৪ নম্বর পৃষ্ঠার তথ্যের আলোকে নানা ধরনের প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ মানব সভ্যতা বিকাশে কীভাবে ভূমিকা রেখেছে তা নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করবেন।

**২. জোড়ায় কাজ (কাজ-ক)**

- শিক্ষার্থীরা পাশাপাশি জোড়ায় বসে পাঠ্যপুস্তকে দেওয়া ছবি দুটি পর্যবেক্ষণ করে পৃষ্ঠা ৪ এর ছক পূরণ করবে। শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন।

- ছক পূরণ শেষে পাশাপাশি জোড়ায় পূরণকৃত ছক মেলাবে। প্রয়োজনে শিক্ষক ফিডব্যাক দেবেন।

**৩. দলগত কাজ**

- উপস্থিত শিক্ষার্থীদের নিয়ে দল গঠন করবেন।
- শিক্ষার্থীরা দলগতভাবে পৃষ্ঠা ৪ এর বিষয়বস্তু পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর খুঁজবে।
  - কেন বিভিন্ন এলাকায় ভিন্ন ভিন্ন ধরনের প্রাণী ও উদ্ভিদ দেখতে পাওয়া যায়?
  - গাছপালা কীভাবে আমাদের উপকার করে?
  - নদী-নালা, খাল-বিল ও জলাশয় গুলো আমাদের কি কাজে লাগে?
  - বিভিন্ন জাতি ধর্ম ও গোষ্ঠীর মধ্যে সম্প্রীতিপূর্ণ সম্পর্ক কেন প্রয়োজন?
- শিক্ষার্থীরা আলোচনা করার পর প্রশ্নগুলোর উত্তর একটি সাদা কাগজে লিখবে। শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন।
- এরপর শিক্ষার্থীরা দলগত কাজ উপস্থাপন করবে।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

সারসংক্ষেপ: শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

সেশনসমাপ্তি: শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন-০৪

## (কাজ খ, গ ও ঘ; পৃষ্ঠা: ৫ ও ৬)

### শিখনফল

১.১.২ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্যের গুরুত্ব উল্লেখ করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

১. প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের উপকারিতা বিষয়ক ছবি/ পোস্টার/ ভিডিও ক্লিপ।

২. পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৫ এ প্রদত্ত শব্দ-ছক (বড় আকারে ছাপানো)

৩. নৌকো, রিকশা, বাস ও ট্রাকের ব্যবহার নিয়ে আঁকা ছবি/ভিডিও

৪. হাস, মুরগী, গরু, কাক, কেঁচো, প্রজাপতি, মৌমাছি ইত্যাদি প্রাণীর ছবিসম্বলিত ফ্ল্যাশকার্ড

### ক. ভূমিকা

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পূর্ববর্তী ক্লাসের জমাকৃত অ্যাসাইনমেন্ট ফেরত দেবেন এবং ফিডব্যাক প্রদান করবেন।

৩. এরপর বৈচিত্র্যপূর্ণ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের উপকারিতা বিষয়ক ছবি/পোস্টার/ভিডিও প্রদর্শন করবেন।

৪. শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন –

- ছবি/পোস্টার/ভিডিওতে আমরা কী দেখতে পাচ্ছি?

৫. প্রাপ্ত উত্তরের মাধ্যমে আজকের সেশন শিরোনাম **"প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্যের গুরুত্ব"** ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

### খ. মূলপাঠ

**১. একক কাজ (কাজ-খ)**

- প্রত্যেক শিক্ষার্থী কোন ঋতুতে কি ফল পাওয়া যায় তা শব্দ-ছক থেকে খুঁজে বের করে চিহ্নিত করবে এবং পাঠ্যপুস্তকে প্রদত্ত 'কাজ-খ' এর ছক পূরণ করবে। এই কাজে শিক্ষক কোনো ক্লু দেবেন না।
- একই বেঞ্চের পাশাপাশি শিক্ষার্থীরা ছক মিলিয়ে দেখবে। প্রয়োজনে সংশোধন করে নেবে।

**২. দলগত কাজ (কাজ-গ)**

- শিক্ষক শিক্ষার্থীদেরকে নৌকা, রিকশা, বাস ও ট্রাকের ব্যবহার নিয়ে আঁকা ছবি/ভিডিও প্রদর্শন ২০২৪

করবেন।

- প্রদর্শনের পরে উপস্থিত শিক্ষার্থীদের নিয়ে দল গঠন করবেন।
- শিক্ষার্থীরা আঁকা ছবি/ভিডিও নিয়ে আলোচনা করে দলগতভাবে পৃষ্ঠা ৬ এর **'কাজ-গ'** এর ছক পূরণ করবে। শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন।
- এরপর শিক্ষার্থীরা দলগত কাজ উপস্থাপন করবে।

**৩. জোড়ায় কাজ (কাজ-ঘ)**

- শিক্ষক একটি বেঞ্চে পাশাপাশি বসা দুইজন করে শিক্ষার্থীর জোড়া গঠন করে দেবেন।
- প্রতি জোড়াকে একটি করে প্রাণীর ছবি সম্বলিত ফ্ল্যাশকার্ড প্রদান করবেন।
- ফ্ল্যাশকার্ডের ছবি দেখে প্রতি জোড়াকে পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৬ এর **'কাজ-ঘ'** সম্পন্ন করতে বলবেন।
- শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন। প্রয়োজনে ফিডব্যাক প্রদান করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার:**

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**সেশনসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

# ৩ পরিবেশ সংরক্ষণের গুরুত্ব

**সেশন সংখ্যা: ২**

**সেশন-০৫**

**(কাজ ক ও খ; পৃষ্ঠা: ৭ ও ৮)**

### শিখনফল

১.১.৩ পরিবেশের বৈচিত্র্য সংরক্ষণে করণীয় বলতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

১. প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ দূষণের ক্ষতি ও পরিবেশ সংরক্ষণের উপকারিতা বিষয়ক ছবি/ পোস্টার/ ভিডিও ক্লিপ

২. পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৭ এ প্রদত্ত ছবি (বড় আকারে ছাপানো)

৩. বিশ্ব ধরিত্রী দিবস ২২ এপ্রিল-বিষয়ক পোস্টার ও ভিডিও

### ক. ভূমিকা

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ দূষণের ক্ষতি ও পরিবেশ সংরক্ষণের উপকারিতা-বিষয়ক ছবি/ পোস্টার/ভিডিও ক্লিপ প্রদর্শন করবেন।

৪. শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন-

- ○ ছবি/পোস্টার/ভিডিওতে আমরা কী দেখতে পাচ্ছি?

৫. প্রাপ্ত উত্তরের মাধ্যমে আজকের সেশন শিরোনাম **"পরিবেশ সংরক্ষণের গুরুত্ব"** ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

### খ. মূলপাঠ

**১. একক কাজ (কাজ-ক)**

- বড়ো আকারে ছাপানো পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৭ এ প্রদত্ত ছবি শিক্ষার্থীদের একটি একটি করে প্রদর্শন করবেন।
- ছবি পর্যবেক্ষণ করে প্রতি শিক্ষার্থী **'কাজ-ক'** অনুযায়ী কোন ছবিতে কী ঘটছে ১/২টি ছোট বাক্য লিখবে।
- শিক্ষক ঘুরে ঘুরে একক কাজ দেখবেন। ৪/৫জন শিক্ষার্থীর নিকট থেকে তাদের লেখা সম্পর্কে শুনবেন।

**২. আলোচনা ও পোস্টার/ভিডিও প্রদর্শন**

- বিশ্ব ধরিত্রী দিবস ২২ এপ্রিল-বিষয়ক পোস্টার ও ভিডিও প্রদর্শন করবেন। ৪/৫জন শিক্ষার্থীকে ভিডিও বিষয়ে মতামত প্রকাশ করতে বলবেন।
- এরপর পৃষ্ঠা ৮ এর বিষয়বস্তুর মূলকথাগুলো আলোচনা করবেন।
- এরপর দলগত কাজ শুরু করবেন।

**৩. দলগত কাজ (কাজ-খ)**

- উপস্থিত শিক্ষার্থীদের নিয়ে দল গঠন করবেন। শিক্ষার্থীরা পৃষ্ঠা ৮ এর বিষয়বস্তু পাঠ করে **'কাজ-খ'** সম্পন্ন করবে। প্রত্যেক শিক্ষার্থী দলগত আলোচনায় অংশগ্রহণ করবে এবং তাদের পাঠ্যপুস্তকের ছক পূরণ করবে। শিক্ষক ঘুরে ঘুরে সকল শিক্ষার্থীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করবেন।
- এরপর প্রতিদলের পক্ষে একজন শিক্ষার্থী তাদের কাজ উপস্থাপন করবে।
- দলগত কাজ উপস্থাপনের শেষে ভিন্ন দলের শিক্ষার্থীরা প্রশ্ন করতে পারবে।

** বিদ্যালয়ের সকল শিক্ষার্থীকে নিয়ে পরিবেশ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে প্রতি বছর **২২ এপ্রিল বিশ্ব ধরিত্রী দিবস (World Earth Day)** পালনের ব্যবস্থা করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**সেশনসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন-০৬

### (কাজ গ ও ঘ; পৃষ্ঠা: ৮ ও ৯)

**শিখনফল**

১.১.৩ পরিবেশের বৈচিত্র্য সংরক্ষণে করণীয় বলতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. পরিবেশগত অবক্ষয়ের পরিণতিগুলোকে চিত্রিত করে একটি ছোট ভিডিও বা ছবি ।

২. প্রাকৃতিক সম্পদ ও জীববৈচিত্র্য সংরক্ষণের তাৎপর্য বিষয়ক ছবি/পোস্টার।

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পরিবেশ সংরক্ষণের ধারণাটি সংক্ষেপে আলোচনা করবেন।

৩. প্রাকৃতিক সম্পদ ও জীববৈচিত্র্য সংরক্ষণের তাৎপর্য তুলে ধরবেন।

৪. আজকের সেশন শিরোনাম **"পরিবেশ সংরক্ষণের গুরুত্ব"** ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. আলোচনা, প্রদর্শন**

- সুস্থ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের গুরুত্ব নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করবেন।
- পরিবেশগত অবক্ষয়ের পরিণতিগুলোকে চিত্রিত করে একটি ছোট ভিডিও বা ছবি শিক্ষার্থীদের প্রদর্শন করবেন।
- ভিডিও/ছবি দেখার পর এর বিষয়বস্তু নিয়ে শিক্ষার্থীদের মতামত গ্রহণ করবেন।

**২. Think-pair-share কাজ (কাজ-গ)**

- প্রত্যেক শিক্ষার্থী এককভাবে চিন্তা করে **'পরিবেশের বৈচিত্র্য সংরক্ষণে আমার করণীয়গুলো' 'কাজ-গ'** এর ছকটি চারটি ছোট বাক্য লিখে পূরণ করবে।
- একটি বেঞ্চে পাশাপাশি বসা দুইজন করে শিক্ষার্থী জোড়া গঠন করবে। এরপর পরস্পরের কাজ মিল করবে।
- পরবর্তীতে প্রত্যেক জোড়া তাদের কাজ সকলের কাছে প্রকাশ করবে। শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন। প্রয়োজনে পাঠ্য পুস্তকের আলোকে ফিডব্যাক প্রদান করে পরবর্তী কার্যক্রমে অগ্রসর হবেন।

**৩. দলগত কাজ (কাজ-ঘ)**

- উপস্থিত শিক্ষার্থীদের নিয়ে দল গঠন করবেন। শিক্ষার্থীরা পৃষ্ঠা ৯ এর **'কাজ-ঘ'** সম্পন্ন করবে। প্রত্যেক দল ছবি দেখে আলোচনা করে প্রত্যেক শিক্ষার্থী তাদের পাঠ্যপুস্তকের ছক পূরণ করবে। শিক্ষক ঘুরে ঘুরে সকল শিক্ষার্থীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করবেন।
- এরপর প্রতিদলের পক্ষে একজন শিক্ষার্থী তাদের কাজ উপস্থাপন করবে।
- দলগত কাজ উপস্থাপনের শেষে ভিন্ন দলের শিক্ষার্থীরা প্রশ্ন করতে পারবে।

**পরিবেশ সংরক্ষণে উদ্বুদ্ধকরণ**

শিক্ষার্থীদের সাথে আলোচনা করবেন কীভাবে তারা তাদের দৈনন্দিন জীবনে পরিবেশ সংরক্ষণে অবদান রাখতে পারে।

প্রত্যেক শিক্ষার্থীকে পরিবেশ সংরক্ষণের একটি টেকসই অভ্যাস গ্রহণের জন্যে ব্যক্তিগত প্রতিশ্রুতি দিতে উদ্বুদ্ধ করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

## গ. উপসংহার

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**সেশনসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা **১.১** এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| অর্জন যোগ্যত | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক (PI) | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ১.১ বৈচিত্র্যময় প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ সম্পর্কে জেনে তা সংরক্ষণে সক্রিয় ভূমিকা রাখা। | ০৬.০৩(১.১).০১ (PI-০১) | প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্য প্রকাশ করতে পেরেছে। | প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের উপাদানের নাম প্রকাশ করতে পেরেছে। | প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বৈচিত্র্য ব্যাখ্যা করতে পেরেছে। | প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের গুরুত্ব উপলব্ধি করে তা সংরক্ষণে ভূমিকা রাখতে পেরেছে। |
| | ০৬.০৩(১.১).০২ (PI-০২) | প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের গুরুত্ব উল্লেখ করতে পেরেছে। | প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের ২/১টি উপাদানের গুরুত্ব প্রকাশ করতে পেরেছে। | প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের উপাদান কী কাজে লাগে তা প্রকাশ করতে পেরেছে। | প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের গুরুত্ব ব্যাখ্যা করতে পেরেছে। |
| | ০৬.০৩(১.১).০৩ (PI-০৩) | পরিবেশের বৈচিত্র্য সংরক্ষণে যত্নশীল হয়েছে। | পরিবেশের বৈচিত্র্য সংরক্ষণের ধারণা প্রকাশ করতে পেরেছে। | পরিবেশের বৈচিত্র্য সংরক্ষণ অনুধাবন করে সংরক্ষণে আগ্রহ প্রকাশ করেছে। | সক্রিয়ভাবে পরিবেশের বৈচিত্র্য সংরক্ষণে যত্নশীল হয়েছে। |

# অধ্যায় : ২
# আমরা সবাই মানুষ

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

২.১ সমাজের সকলের সাথে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহাবস্থানের গুরুত্ব উপলব্ধি করে সকলের প্রতি শ্রদ্ধাশীল হওয়া।

## ১ মিলেমিশে থাকা

**সেশন সংখ্যা: ২**

**সেশন-০৭**

**(কাজ ক ও খ; পৃষ্ঠা: ১০-১২)**

**শিখনফল**

২.১.১ সমাজের সদস্যদের মধ্যে বিদ্যমান বিভিন্নতা চিহ্নিত করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. আমাদের গ্রাম - বন্দে আলী মিয়া (সংগ্রহ করে নিতে হবে)

২. পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১০ ও ১১তে দেওয়া ছবি

৩. পাঠ্যপুস্তকের ছবি ব্যতীত বিভিন্ন পেশায় সম্পৃক্ত মানুষের ছবি, বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও বাঙালির ছবি, বিশেষচাহিদাসম্পন্ন শিশুদের ছবি, বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান পালনের ছবি। নির্ধারিত ক্লাসের পূর্বেই সংগ্রহ/প্রস্তুত করতে হবে।

৪. পুশ পিন, স্কচট্যাপ

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. আমাদের গ্রাম - বন্দে আলী মিয়া কবিতাটি শিক্ষক পাঠ করবেন।

৩. শিক্ষার্থীদের নিকট কবিতার মূলভাব জানতে চাইবেন।

৪. শিক্ষার্থীদের মতামত শোনার পর মিলেমিশে থাকার গুরুত্ব নিয়ে খুব সংক্ষিপ্ত আলোচনা করবেন ।

৫. আজকের সেশন শিরোনাম "**মিলেমিশে থাকা**" ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

### খ. মূলপাঠ

**১. ছবি পর্যবেক্ষণ এবং দলগত কাজ (কাজ-ক)**

- পূর্বেই প্রস্তুতকৃত পাঠ্যপুস্তকের ছবি ব্যতীত বিভিন্ন পেশায় সম্পৃক্ত মানুষের ছবি, বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও বাঙালির ছবি, বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের ছবি, বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান পালনের ছবি শ্রেণিকক্ষের এমন জায়গায় লাগাবেন যাতে সকল শিক্ষার্থী দেখতে পায়।
- শিক্ষার্থীরা বেঞ্চ থেকে উঠে সারিবদ্ধভাবে এসে ছবিগুলো মনোযোগসহকারে পর্যবেক্ষণ করতে বলবেন। সময় নির্ধারণ করে দেবেন।
- ৬-৮জনের দল গঠন করবেন। নির্দিষ্ট সময় শেষে শিক্ষার্থীরা দলগতভাবে প্রদর্শিত ছবি এবং পাঠ্যপুস্তকে দেওয়া ছবির আলোকে **'কাজ-ক'** এর ছকটি পূরণ করবে।
- শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন।
- সবার কাজ শেষে প্রত্যেক দল তাদের কাজ উপস্থাপন করবে।
- এক দল অন্য দলকে প্রশ্ন করা সুযোগ দেবেন।
- প্রয়োজনীয় ফিডব্যাক প্রদান করে শিক্ষার্থীদের ধারণা সংহত করবেন।

**২. একক কাজ (কাজ-খ)**

- পাঠ্যপুস্তকের বিষয়বস্তু **'সমাজে আমাদের.. .. সম্প্রীতি গড়ে উঠে।'** পৃষ্ঠা ১২ নীরবে পাঠ করতে বলবেন।
- বিষয়বস্তুর সারসংক্ষেপ আলোচনা করবেন।
- বিষয়বস্তু পাঠ করে **'কাজ-খ'** সম্পন্ন করতে বলবেন।
- কাজ চলাকালীন ঘুরে ঘুরে সব কাজ তদারক করবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- সবার কাজ শেষে সতীর্থ মূল্যায়নের মাধ্যমে **'কাজ-খ'** যাচাই করবে এবং প্রয়োজনে সংশোধন করবে

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

### গ. উপসংহার

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**সেশনসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন-০৮

**(কাজ গ ও ঘ; পৃষ্ঠা: ১২ ও ১৩)**

### শিখনফল

২.১.২ সমাজের সদস্যদের মধ্যে সম্প্রীতি রক্ষার উপায় ব্যাখ্যা করতে পারবে।

২.১.৩ বিভিন্নতা বিবেচনা করে সমাজের সদস্যদের প্রতি শ্রদ্ধাশীল আচরণ প্রদর্শন করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

১. পরোপকার, উদারতা, সহযোগিতা, শান্তি, সম্প্রীতি এবং সম্মান দেখানো- বিষয়ক ছবি বা ভিডিও

২. সমাজের বিভিন্ন ধরনের সদস্যদের সম্মান ও শ্রদ্ধা প্রদর্শনের ছবি

### শিখন-শেখানো কার্যাবলি

### ক. ভূমিকা

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পূর্ববর্তী পাঠের বিষয়বস্তু থেকে শিক্ষার্থীদের কয়েকটি প্রশ্ন করবেন। যেমন- মিলেমিশে থাকা বলতে আমরা কী বুঝি? সমাজে বড়ো ও ছোটদের সাথে কী ধরনের আচরণ করব? বিভিন্ন পেশার মানুষের সাথে আমরা কেমন আচরণ করব?

৩. শিক্ষার্থীদের মতামত শোনার পর আজকের সেশন শিরোনাম **"মিলেমিশে থাকা"** এবং এ বিষয়ে এটি ২য় ক্লাস তা ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

### খ. মূলপাঠ

### ১. ব্রেইন স্টর্মিং

- অতি সংক্ষিপ্ত সময় শিক্ষার্থীরা চিন্তা করবে সম্প্রীতি শব্দটি নিয়ে। এরপর সহপাঠীরা পারস্পরিক আলোচনা করবে।
- শিক্ষক ৫/৬জন শিক্ষার্থীর মতামত গ্রহণ করবেন।
- প্রয়োজনীয় ফিডব্যাক প্রদান করে শিক্ষার্থীদের ধারণা সংহত করবেন।

### ২. ছবি/ভিডিও পর্যবেক্ষণ এবং জোড়ায় কাজ (কাজ-গ)

- পরোপকার, উদারতা, সহযোগিতা, শান্তি, সম্প্রীতি এবং সম্মান দেখানো-বিষয়ক ছবি বা ভিডিও প্রদর্শন করবেন। শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে পর্যবেক্ষণ করতে বলবেন।
- পাঠ্যপুস্তকের বিষয়বস্তু **'সমাজে আমাদের.. .. সম্প্রীতি গড়ে উঠে।'** পৃষ্ঠা ১২ পাঠ করে পাশাপাশি শিক্ষার্থীর সাথে জোড়া গঠন করে পাঠ্যপুস্তকের **'কাজ-গ'** সম্পন্ন করতে বলবেন।

- কাজ চলাকালীন ঘুরে ঘুরে সব কাজ তদারক করবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- শিক্ষক ৫/৬জন শিক্ষার্থীর মতামত গ্রহণ করবেন।
- প্রয়োজনীয় ফিডব্যাক প্রদান করে শিক্ষার্থীদের ধারণা সংহত করবেন।

**৩. একক কাজ (কাজ-ঘ)**

- পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১৩তে প্রদত্ত ৮টি বৃত্তের লেখাগুলো সকল শিক্ষার্থীকে নীরবে পাঠ করতে বলবেন।
- এরপর এককভাবে সকল শিক্ষার্থীকে **'কাজ-ঘ'** এর ছক পূরণ করতে বলবেন।
- কাজ চলাকালীন ঘুরে ঘুরে সব কাজ তদারক করবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- সবার কাজ শেষে সতীর্থ মূল্যায়নের মাধ্যমে **'কাজ-ঘ'** যাচাই করবে এবং প্রয়োজনে সংশোধন করবে

**৪. দলগত কাজ**

- শিক্ষার্থীদেরকে ৬-৮জনের দলে ভাগ করবেন।
- বিভিন্নতা বিবেচনা করে সমাজের বয়সে বড়ো, বয়সে ছোট, শ্রমজীবী মানুষ, প্রতিবন্ধী মানুষ, দরিদ্র মানুষ ইত্যাদি সদস্যদের প্রতি কীভাবে শ্রদ্ধাশীল আচরণ প্রদর্শন করবে দলে বসে তা আলোচনা করবে।
- শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের আলোচনা পর্যবেক্ষণ করবে।
- প্রতি দল থেকে একজন শিক্ষার্থী তাদের আলোচনার সারাংশ উপস্থাপন করবে।
- ভিন্ন দলের শিক্ষার্থীরা প্রশ্ন করলে উপস্থাপনকারী দল উত্তর দেবে।
- প্রয়োজনে ফিডব্যাক প্রদান করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**সেশনসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ২.১ এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ২.১ সমাজের সকলের সাথে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহাবস্থানের গুরুত্ব উপলব্ধি করে সকলের প্রতি শ্রদ্ধাশীল হওয়া। | ০৬.০৩(২.১).০১ (PI-০৪) | সমাজের সকলের সাথে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহাবস্থানের গুরুত্ব উপলব্ধি করতে পেরেছে। | সমাজের সদস্যদের মধ্যে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহাবস্থান সম্পর্কে প্রকাশ করতে পেরেছে। | সমাজের সদস্যদের মধ্যে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহাবস্থানের উপায় ব্যাখ্যা করতে পেরেছে। | সমাজের সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহাবস্থানের গুরুত্ব উপলব্ধি করে ভূমিকা পালন করতে পেরেছে। |
| | ০৬.০৩(২.১).০২ (PI-০৫) | সমাজের সদস্যদের প্রতি শ্রদ্ধাশীল আচরণ প্রদর্শন করতে পেরেছে। | শ্রদ্ধাশীল আচরণ প্রকাশ করতে পেরেছে। | শ্রদ্ধাশীল আচরণের গুরুত্ব প্রকাশ করতে পেরেছে। | সমাজের সদস্যদের প্রতি শ্রদ্ধাশীল আচরণ প্রদর্শন করতে পেরেছে। |

# ২ ছেলে মেয়ে সবাই সমান

**সেশন সংখ্যা: ২**

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

২.২ পারিপার্শ্বিক পরিবেশের বিভিন্ন কর্মকান্ডে জেন্ডার সমতা ও নিরপেক্ষতার দৃষ্টিভঙ্গি অর্জন করা

**সেশন-০৯**

**(কাজ ক ও খ; পৃষ্ঠা: ১৪ ও ১৫)**

**শিখনফল**

২.২.১ সকল কর্মকাণ্ডে ছেলে ও মেয়েদের সমতাভিত্তিক অংশগ্রহণের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।

২.২.২ জেন্ডার নিরপেক্ষ দৃষ্টিভঙ্গিতে ছেলে-মেয়ে বিভিন্ন কর্মকান্ডে অংশগ্রহণে সচেষ্ট হবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. নারী-পুরুষ সমতা বিষয়ক কয়েকটি পোস্টার/ছবি/ভিডিও

২. বাংলাদেশের পুরুষ ও নারী ক্রিকেট দলের ছবি

৩. পাঠ্যপুস্তকের ছবি

৪. পুশ পিন, স্কচট্যাপ

উপকরণসমূহ নির্ধারিত ক্লাসের পূর্বেই সংগ্রহ/প্রস্তুত করতে হবে।

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. নারী-পুরুষ সমতাবিষয়ক কয়েকটি পোস্টার/ছবি/ভিডিও প্রদর্শন করবেন।

৩. শিক্ষার্থীদের নিকট প্রদর্শিত ছবি/ভিডিওর বিষয়বস্তু জানতে চাইবেন।

৪. শিক্ষার্থীদের মতামত শোনার পর আজকের সেশন শিরোনাম **"ছেলে মেয়ে সবাই সমান"** ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. ছবি পর্যবেক্ষণ এবং একক কাজ ও আলোচনা (কাজ-ক)**

- সকল শিক্ষার্থীকে পাঠ্যপুস্তকের ছবিগুলো (পৃষ্ঠা ১৪) ভালোভাবে পর্যবেক্ষণ করতে বলবেন।
- এরপর পাঠ্যপুস্তকে দেওয়া ছবির আলোকে **'কাজ-ক'** এর ছকটি পূরণ করবে।
- শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন।
- সবার কাজ শেষে ৪/৫জন শিক্ষার্থীকে ছকে লেখা পর্যবেক্ষণগুলো পাঠ করতে বলবেন।
- শিক্ষার্থীদের মতামত শোনার পর ছেলে মেয়ে সবাই যে সমান তা নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করবেন।

**২. জোড়ায় কাজ (কাজ-খ)**

- বাংলাদেশ নারী ও পুরুষ জাতীয় ক্রিকেট দলের ছবি প্রদর্শন করবেন।
- আলোচনা করবেন কোনো কাজই নারী ও পুরুষের জন্যে আলাদা করা নেই।
- এরপর প্রতি বেঞ্চের ২জনকে নিয়ে জোড়া গঠন করবেন।
- পাঠ্যপুস্তকের ছবিগুলো দেখে **'কাজ-খ'** (পৃষ্ঠা ১৫) করতে বলবেন।
- কাজ চলাকালীন ঘুরে ঘুরে সব কাজ তদারক করবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- সবার কাজ শেষে সতীর্থ মূল্যায়নের মাধ্যমে **'কাজ-খ'** যাচাই করবে এবং প্রয়োজনে সংশোধন করবে।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

গ. উপসংহার

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**সেশনসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন-১০

**(কাজ গ; পৃষ্ঠা: ১৬)**

**শিখনফল**

২.২.১ সকল কর্মকাণ্ডে ছেলে ও মেয়েদের সমতাভিত্তিক অংশগ্রহণের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।

২.২.২ জেন্ডার নিরপেক্ষ দৃষ্টিভঙ্গিতে ছেলে-মেয়ে বিভিন্ন কর্মকান্ডে অংশগ্রহণে সচেষ্ট হবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. গৃহস্থালি কাজে ছেলে ও মেয়ে শিশুদের অংশগ্রহণের ছবি/পোস্টার/ভিডিও

২. বিভিন্ন খেলাধুলায় ছেলে ও মেয়ে শিশুদের অংশগ্রহণের ছবি/পোস্টার/ভিডিও

৩. পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১৬ এর পরিবার ১ ও পরিবার ২ সম্পর্কে পাঠ

৪. পুশ পিন, স্কচট্যাপ

উপকরণসমূহ নির্ধারিত ক্লাসের পূর্বেই সংগ্রহ/প্রস্তুত করতে হবে।

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. গৃহস্থালি কাজে এবং বিভিন্ন খেলাধুলায় ছেলে ও মেয়ে শিশুদের অংশগ্রহণের ছবি/পোস্টার/ভিডিও প্রদর্শন করবেন।

৩. শিক্ষার্থীদের নিকট প্রদর্শিত ছবি/ভিডিওর বিষয়বস্তু জানতে চাইবেন।

৪. শিক্ষার্থীদের মতামত শোনার পর আজকের সেশন শিরোনাম **“ছেলে মেয়ে সবাই সমান”** ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. দলগত কাজ ও আলোচনা (কাজ-গ)**

- ৬-৮জন শিক্ষার্থী নিয়ে দলগঠন করবেন।
- সকল শিক্ষার্থীকে পাঠ্যপুস্তকের পরিবার ১ ও পরিবার ২ সম্পর্কে (পৃষ্ঠা ১৬) ভালোভাবে পাঠ করতে বলবেন।
- এরপর দলের সকল সদস্য আলোচনা করে প্রত্যেকের পাঠ্যপুস্তকের ছক পূরণ করবে।
- শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন।
- কাজ শেষে প্রত্যেক দলকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- একটি দলের উপস্থাপনের পর অন্য দল তাদের প্রশ্ন করতে পারবে, উপস্থাপনকারী দল প্রশ্নের উত্তর দেবে।

- সবগুলো দলের উপস্থাপন শেষে প্রতি দল থেকে একজনকে এই কাজ থেকে আমরা কী শিখলাম তার সার সংক্ষেপ বলতে বলবেন।
- প্রতিটি কার্যক্রমে ছেলে শিশু ও মেয়ে শিশুদের সমান অংশগ্রহণ নিশ্চিত করবেন।

**২. পর্যবেক্ষণ এবং একক কাজ ও আলোচনা (কাজ-ঘ)**

- সকল শিক্ষার্থীকে পাঠ্যপুস্তকের ছবি ও লেখাগুলো (পৃষ্ঠা ১৭) ভালোভাবে পর্যবেক্ষণ করতে বলবেন।
- এরপর পাঠ্যপুস্তকে দেওয়া ছবির আলোকে 'কাজ-ঘ' এর ছকটি পূরণ করবে।
- শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন।
- সবার কাজ শেষে ৪/৫ জন শিক্ষার্থীকে ছকে লেখা উত্তরগুলো পাঠ করতে বলবেন।
- শিক্ষার্থীদের মতামত শোনার পর ছেলে মেয়ে সবাই যে সব কাজ করতে পারে তা নিয়ে আলোচনা করবেন ।

**৩. দলগত কাজ (শ্রেণি পাঠের বাইরে)**

শ্রেণি পাঠের বাইরে তৃতীয় শ্রেণির ছেলে শিশু ও মেয়ে শিশুদের একই কাজ পরিচালনা করা। যেমন: কুইজ প্রতিযোগিতা, ফুটবল ও ক্রিকেট ম্যাচের আয়োজন ইত্যাদি।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণী কার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণি অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**সেশনসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ২.২ এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ২.২ পারিপার্শ্বিক পরিবেশের বিভিন্ন কর্মকান্ডে জেন্ডারসমতা ও নিরপেক্ষতার দৃষ্টিভঙ্গি অর্জন করা। | ০৬.০৩(২.১).০১ (PI-০৬) | জেন্ডার নিরপেক্ষ দৃষ্টিতে সকল কর্মকান্ডে অংশগ্রহণ করতে পেরেছে। | জেন্ডার নিরপেক্ষ দৃষ্টির ধারণা প্রকাশ করতে পেরেছে। | সকল কর্মকান্ডে ছেলে-মেয়ে সমভাবে অংশগ্রহণের গুরুত্ব প্রকাশ করতে পেরেছে। | সকল কর্মকান্ডের ছেলে-মেয়ে সমতাভিত্তিক কাজে অংশগ্রহণ করতে পেরেছে। |

# অধ্যায় : ০৩
# আমাদের জাতির পিতা

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৩.১ জাতির পিতার শৈশব সম্পর্কে জেনে তাঁর আদর্শ ধারণ করা।

## ১ জাতির পিতার শৈশব

**সেশন সংখ্যা: ২**

**সেশন-১১**

**(কাজ ক ও খ; পৃষ্ঠা: ১৮ ও ১৯)**

**শিখনফল**

৩.১.১ জাতির পিতার শৈশবকাল বর্ণনা করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. জাতির পিতার ছবি (বড়ো আকারের)

২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর ছেলেবেলা নিয়ে নির্মিত অ্যানিমেশন চলচ্চিত্র **"বঙ্গবন্ধুর ছেলেবেলা"**। (ইউটিউব থেকে সংগ্রহ করে নিতে হবে)

৩. ল্যাপটপ, প্রজেক্টর, স্ক্রিন, মাল্টি প্লাগ

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. জাতির পিতার ছবি প্রদর্শন করে নিচের প্রশ্নের আলোকে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই করবেন:

- ছবিটি কার?
- তাঁকে বাংলাদেশের কী বলা হয়?
- তিনি কোথায় জন্মগ্রহণ করেন?

৩. আজকের সেশন শিরোনাম **"জাতির পিতার শৈশব"** ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

খ. মূলপাঠ

১. ভিডিও প্রদর্শন ও একক কাজ (কাজ-ক)

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর ছেলেবেলা নিয়ে নির্মিত অ্যানিমেশন চলচ্চিত্র **"বঙ্গবন্ধুর ছেলেবেলা"** প্রদর্শন করবেন।
- ৫/৬জন শিক্ষার্থীর অনুভূতি জানতে চাইবেন।
- এককভাবে **'কাজ-ক'** সম্পাদন করবে। শিক্ষার্থী প্রয়োজনে ১৮-১৯ পৃষ্ঠার বিষয়বস্তুর সাহায্য নেবে।
- শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন।
- সবার কাজ শেষে পাশাপাশি বসা শিক্ষার্থীরা একজন আরেকজনের কাজ মূল্যায়ন করবে।
- প্রয়োজনীয় ফিডব্যাক প্রদান করে শিক্ষার্থীদের ধারণা সংহত করবেন।

২. একক কাজ (কাজ-খ)

- পাঠ্যপুস্তকের বিষয়বস্তু **'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের .. .. সেই থেকে তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান'** পৃষ্ঠা ১৮-১৯ নীরবে পাঠ করতে বলবেন।
- বিষয়বস্তুর সারসংক্ষেপ আলোচনা করবেন।
- বিষয়বস্তু পাঠ করে **'কাজ-খ'** সম্পন্ন করতে বলবেন।
- কাজ চলাকালীন ঘুরে ঘুরে সব কাজ তদারক করবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- সবার কাজ শেষে সতীর্থ মূল্যায়নের মাধ্যমে **'কাজ-খ'** যাচাই করবে এবং প্রয়োজনে সংশোধন করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

গ. উপসংহার

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**সেশনসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন-১২

**(কাজ গ ও ঘ; পৃষ্ঠা: ১৯ ও ২০)**

### শিখনফল

৩.১.১ জাতির পিতার শৈশবকাল বর্ণনা করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

১. জাতির পিতার ছবি (বড় আকারের)

২. পাঠ্যপুস্তকের বিষয়বস্তু পৃষ্ঠা ১৮-১৯

৩. ল্যাপটপ, প্রজেক্টর, স্ক্রিন, মাল্টি প্লাগ

৪. পোস্টারপেপার, আঠা, কাঁচি, সাইনপেন

### শিখন-শেখানো কার্যাবলি

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. জাতির পিতার ছবি প্রদর্শন করে নিচের প্রশ্নের আলোকে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই করবেন:

- আমাদের জাতির পিতার নাম কী?
- তাঁর ডাক নাম কী?
- বঙ্গবন্ধুর প্রিয় খেলার নাম কী?

৩. আজকের সেশন শিরোনাম **"জাতির পিতার শৈশব"** ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. জোড়ায় কাজ (কাজ-গ)**

- পাঠ্যপুস্তকের বিষয়বস্তু **'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের .. .. সেই থেকে তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান'** পৃষ্ঠা ১৮-১৯ নীরবে পাঠ করতে বলবেন।
- বিষয়বস্তুর সারসংক্ষেপ আলোচনা করবেন।
- বিষয়বস্তু পাঠ করে জোড়ায় **'কাজ-গ'** সম্পন্ন করতে বলবেন। কাজ শেষ করে প্রত্যেক শিক্ষার্থী পাঠ্যপুস্তকের জাতির পিতার শৈশব বৃক্ষটি সম্পূর্ণ করবে।
- কাজ চলাকালীন ঘুরে ঘুরে সব কাজ তদারক করবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- সবার কাজ শেষে সতীর্থ মূল্যায়নের মাধ্যমে **'কাজ-গ'** যাচাই করবে এবং প্রয়োজনে সংশোধন করবে।

**দলগত কাজ (কাজ-গ) [জোড়ায় কাজ এর বিকল্প]**

- শিক্ষার্থীরা দলগতভাবে **'কাজ-গ'** পোস্টার কাগজ কেটে পাঠ্যপুস্তকের চিত্রের অনুরূপ বৃক্ষ বানিয়ে প্রতিটি পাতায় জাতির পিতার শৈশবের ঘটনাগুলো লিখবে। তারপর অন্য একটি পোস্টার কাগজে আঠা দিয়ে লাগিয়ে উপস্থাপন করবে। উপকরণ: পোস্টার কাগজ, সাইন পেন, কাঁচি, আঠা)

**২. একক কাজ (কাজ-ঘ)**

- প্রত্যেক শিক্ষার্থী এককভাবে জাতির পিতার শৈশব নিয়ে ৫টি বাক্য লিখবে।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**সেশনসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

# ২ জাতির পিতার মানবিক গুণাবলি

**সেশন সংখ্যা: ২**

**সেশন-১৩**

**(কাজ ক; পৃষ্ঠা: ২১)**

**শিখনফল**

৩.১.২ জাতির পিতার মানবিক আচরণ উল্লেখ করতে পারবে।

৩.১.৩ নিজের জীবনে জাতির পিতার আদর্শ অনুসরণে উদ্বুদ্ধ হয়ে অন্যের প্রতি মানবিক আচরণ করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. জাতির পিতার ছবি (বড় আকারের)

২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর ছেলেবেলা নিয়ে নির্মিত বঙ্গবন্ধুর কনিষ্ঠ কন্যা শেখ রেহানার বলা **"আমার বাবার ছেলেবেলা"** ভিডিওটির প্রথম ৬মিনিট। (ইন্টারনেট থেকে সংগ্রহ করে নিতে হবে)

৩. ল্যাপটপ, প্রজেক্টর, স্ক্রিন, মাল্টিপ্লাগ

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর ছেলেবেলা নিয়ে নির্মিত বঙ্গবন্ধুর কনিষ্ঠ কন্যা শেখ রেহানার বলা **"আমার বাবার ছেলেবেলা"** ভিডিওটির প্রথম ৬মিনিট।

৩. আজকের সেশন- শিরোনাম "জাতির পিতার মানবিক গুণাবলি" ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. জোড়ায় কাজ (কাজ-ক)**

- পাঠ্যপুস্তকের ২১ পৃষ্ঠার ৫টি ঘটনা জোড়ায় বসে পাঠ করবে।
- জোড়ায় বসে আলোচনা করে **'কাজ-ক'** এর ছক পূরণ করবে।
- শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন।
- সবার কাজ শেষে ৫টি ঘটনায় জাতির পিতা যে উপকার করেছেন তা আলোচনা করবেন।
- প্রয়োজনীয় ফিডব্যাক প্রদান করে শিক্ষার্থীদের ধারণা সংহত করবেন।

**২. দলগত কাজ (ভূমিকাভিনয়)**

জাতির পিতার মানবিক গুণাবলি নিয়ে শিক্ষার্থীদের ভূমিকাভিনয় করানো যেতে পারে। এক্ষেত্রে পূর্বপ্রস্তুতি গ্রহণ করতে হবে।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**সেশনসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন-১৪

### (কাজ খ ও গ; পৃষ্ঠা: ২১)

**শিখনফল**

৩.১.২ জাতির পিতার মানবিক আচরণ উল্লেখ করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. জাতির পিতার ছবি (বড় আকারের)

২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর ছেলেবেলা নিয়ে নির্মিত বঙ্গবন্ধুর কনিষ্ঠ কন্যা শেখ রেহানার বলা **"আমার বাবার ছেলেবেলা"** ভিডিওটির প্রথম ৬মিনিট। (ইন্টারনেট থেকে সংগ্রহ করে নিতে হবে)

৩. ল্যাপটপ, প্রজেক্টর, স্ক্রিন, মাল্টিপ্লাগ

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর ছেলেবেলা নিয়ে নির্মিত বঙ্গবন্ধুর কনিষ্ঠ কন্যা শেখ রেহানার বলা **"আমার বাবার ছেলেবেলা"** ভিডিওটির প্রথম ৬মিনিট।

৩. আজকের সেশন- শিরোনাম **"জাতির পিতার মানবিক গুণাবলি"** ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. জোড়ায় কাজ (কাজ-খ)**

- পাঠ্যপুস্তকের ২১ পৃষ্ঠার ৫টি ঘটনা জোড়ায় বসে পাঠ করবে।
- জোড়ায় বসে আলোচনা করে **'কাজ-খ'** এর ছক পূরণ করবে।
- শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন।
- প্রয়োজনীয় ফিডব্যাক প্রদান করে শিক্ষার্থীদের ধারণা সংহত করবেন।

**২. দলগত আলোচনা ও একক কাজ (কাজ-গ)**

- শিক্ষার্থীদের ৬-৮জনের দলে ভাগ করবেন এবং পূর্ব পাঠের আলোকে জাতির পিতার মানবিক গুণাবলি নিয়ে প্রত্যেক দলকে আলোচনা করতে বলবেন।
- এরপর প্রত্যেক শিক্ষার্থী এককভাবে পৃষ্ঠা ২২ এর **'কাজ-গ'** সম্পাদন করবে।
- সবাইকে এ আচরণ মনে রেখে নিজে পালন করার জন্যে উদ্বুদ্ধ করে ধন্যবাদ দেবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

### গ. উপসংহার

সারসংক্ষেপ: শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

সেশনসমাপ্তি: শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা **৩.১** এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৩.১ জাতির পিতার শৈশব সম্পর্কে জেনে তার আদর্শ ধারণ করা। | ০৬.০৩(৩.১).০১ (PI-০৭) | জাতির পিতার শৈশব জেনে তাঁর আদর্শ অনুসরণে উদ্বুদ্ধ হয়ে অন্যের প্রতি মানবিক আচরণ প্রদর্শন করতে পেরেছে। | জাতির পিতার শৈশবকাল প্রকাশ করতে পেরেছে। | জাতির পিতার মানবিক দিক ব্যাখ্যা করতে পেরেছে। | জাতির পিতার মানবিক গুণাবলি অনুসরণে উদ্বুদ্ধ হয়ে নিজের জীবনে প্রয়োগ করতে পেরেছে। |

# অধ্যায় : ০৪
# আমাদের ইতিহাস

## ১ ভাষা আন্দোলন

### শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

৩.২ ভাষা আন্দোলনের ঘটনাবলি অবগত হয়ে এর তাৎপর্য অনুধাবনপূর্বক ভাষা শহিদদের সম্মান করা।

**সেশন সংখ্যা: ২**

**সেশন-১৫ ও ১৬**

**(কাজ ক, খ, গ ও ঘ; পৃষ্ঠা: ২৩-২৬)**

### শিখনফল

৩.২.১ ভাষা আন্দোলনের পটভূমি বর্ণনা করতে পারবে।

৩.২.২ ভাষা আন্দোলনের শহিদদের পরিচিতি বর্ণনা করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

১. পাঠ্যপুস্তকের ছবি,
২. ভাষা আন্দোলনের সংগৃহীত ভিডিও ক্লিপ
৩. কর্মপত্র

### শিখন-শেখানো কার্যাবলি

### ক. ভূমিকা

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. শহিদ মিনারের ছবি প্রদর্শন করে নিম্নরূপ প্রশ্ন করবেন-

- এটি কীসের ছবি?
- কাদের উদ্দেশ্যে এটি নির্মাণ করা হয়েছে?

৩. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠ শিরোনাম **'ভাষা আন্দোলন'** ঘোষণা করবেন এবং বোর্ডে লিখে দেবেন।

## খ. মূলপাঠ

### ১. পর্যবেক্ষণ ও প্রশ্নোত্তর

- পাঠ্যপুস্তকের ছবি-১, ২, ৩ ও ৪ প্রদর্শন করে দেখতে বলবেন।
- প্রশ্ন করবেন-
    - ছবিগুলো কীসের বা কী সম্পর্কিত?
    - ছবিগুলো কোন সময়ের?

### ২. পর্যবেক্ষণ ও জোড়ায় কাজ (কাজ-ক)

- পাঠ্যপুস্তকের ছবি-১, ২, ৩ ও ৪ পর্যবেক্ষণ করে **'কাজ-ক'** এ দেয়া ছক এককভাবে পূরণ করতে বলবেন। প্রয়োজনে কীভাবে পূরণ করতে হবে তা বুঝিয়ে বলবেন।
- সময় নির্দিষ্ট করে দেবেন।
- নির্দিষ্ট সময় শেষে পাশাপাশি বসা দুজনে জোড়া তৈরি করে জোড়ায় আলোচনা করে পূরণকৃত ছকটি যাচাই করে প্রয়োজনে ঠিক করতে বলবেন। এর জন্যেও সময় নির্দিষ্ট করে দেবেন।
- একক ও জোড়ায় কাজ চলার সময় ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ মনিটর করবেন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- সকলের কাজ শেষে কয়েক জোড়ার কাজ এক এক করে উপস্থাপন করতে বলবেন।
- শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

### ৩. বিষয়বস্তু প্রশ্ন- উত্তর আলোচনা

- পাঠ্যবইয়ের ২৪ পৃষ্ঠার বিষয়বস্তু নিম্নরূপ প্রশ্ন-উত্তর ব্যবহার করে আলোচনা করবেন-
    - তোমরা কি জান কত সালে পাকিস্তানের জন্ম হয়েছিল?
    - পাকিস্তান কয়টি অংশেইবা বিভক্ত ছিল?
    - পাকিস্তানিরা কোন ভাষাকে রাষ্ট্রভাষা করতে চেয়েছিল?
    - ...........................................................
    - ........................................................... , ইত্যাদি।

### ৪. একক কাজ, জোড়ায় কাজ (কাজ-খ)

- শিক্ষার্থীদের প্রত্যেককে ২৪ পৃষ্ঠার অনুচ্ছেদটুকু নীরবে পড়তে বলবেন। পড়ার জন্যে সময় বেঁধে দেবেন।
- পড়া শেষ হলে পাশাপাশি বসা দুজনে মিলে জোড়া তৈরি করবেন।
- জোড়ায় অনুচ্ছেদটুকু আলোচনা করে **'কাজ-খ'** এর ছকটি পূরণ করতে বলবেন। কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ মনিটর করবেন। প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দলনেতাকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।

- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৫. দলগত কাজ (কাজ-গ)**

- দুই বেঞ্চের শিক্ষার্থীদের মুখোমুখি বসিয়ে দল গঠন করবেন।
- দলে ২৫ পৃষ্ঠার অনুচ্ছেদ পড়ে ২৬ পৃষ্ঠার **'কাজ-গ'** এ তথ্য সংযোজন করতে হবে তা শিক্ষার্থীদের বুঝিয়ে দেবেন।
- দলগত কাজের জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ দেখবেন। প্রয়োজনে সহায়তা দেবেন।
- নির্দিষ্ট সময় শেষে দলনেতাকে দলগত কাজ উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৬. দলগত কাজ (কাজ-ঘ)**

- ৫/৬ জনের দল গঠন করবেন।
- প্রত্যেক দলকে **'কাজ-ঘ'** দেখতে বলবেন।
- দলে আলোচনা করে **'কাজ-ঘ'** এর ছক একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন। সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলগত কাজ দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।

**৭. দলগত কাজ**

- পূর্বের দলে আলোচনা করে প্রত্যেক দলে মাতৃভাষার মর্যাদা বৃদ্ধি পায় এমন দুইটি করে স্লোগান তৈরি করতে বলবেন।
- স্লোগান লেখা পোস্টারগুলো দেয়ালে প্রদর্শনের ব্যবস্থা করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

গ. উপসংহার

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

# ২ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৩.২ ভাষা আন্দোলনের ঘটনাবলি অবগত হয়ে এর তাৎপর্য অনুধাবনপূর্বক ভাষা শহিদদের সম্মান করা।

**সেশন সংখ্যা: ২**

**সেশন-১৭ ও ১৮**

**(কাজ ক, খ, গ ও ঘ; পৃষ্ঠা: ২৭ ও ২৮)**

**শিখনফল**

৩.২.৩ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের গুরুত্ব বলতে পারবে।

৩.২.৪ ভাষাশহিদদের প্রতি সম্মান প্রদর্শন করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. পাঠ্যপুস্তকের ছবি,

২. শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের সংগৃহীত ছবি/ভিডিও ক্লিপ

৩. কর্মপত্র

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. আজকের পাঠ- শিরোনাম **'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. ছবি প্রদর্শন**

- পাঠ্যবইয়ের ছবি, শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের অন্য সংগৃহীত ছবি/ভিডিও ক্লিপ প্রদর্শন করবেন।
- ছবিগুলো তারা চিনে কিনা, কীসের ছবি তা জানতে চাইবেন।

**২. পর্যবেক্ষণ, একক কাজ ও জোড়ায় কাজ (কাজ-ক)**

- পাঠ্যপুস্তকের ছবি-১ ও ২ পর্যবেক্ষণ করে **'কাজ-ক'** এ দেয়া ছক পূরণ করতে বলবেন। প্রয়োজনে কীভাবে পূরণ করতে হবে তা বুঝিয়ে বলবেন।
- সময় নির্দিষ্ট করে দেবেন।
- নির্দিষ্ট সময় শেষে পাশাপাশি বসা দুজনে জোড়া তৈরি করে জোড়ায় আলোচনা করে পূরণকৃত ছকটি যাচাই করে প্রয়োজনে ঠিক করতে বলবেন। এর জন্যেও সময় নির্দিষ্ট করে দেবেন।
- একক ও জোড়ায় কাজ চলার সময় ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ মনিটর করবেন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- সকলের কাজ শেষে কয়েক জোড়ার কাজ এক এক করে উপস্থাপন করতে বলবেন।
- শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৩. বিষয়বস্তু প্রশ্ন- উত্তর আলোচনা**

- পাঠ্যবইয়ের ২৭ ও ২৮ পৃষ্ঠার বিষয়বস্তু নিম্নরূপ প্রশ্ন-উত্তর ব্যবহার করে আলোচনা করবেন-
    - তোমরা কি জান কত সালের কত তারিখে সালাম, রফিক, শফিক শহিদ হয়েছিলেন?
    - কত তারিখে আমরা শহিদ দিবস পালন করি?
    - আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কোনটি?
    - শহিদ দিবসে আমরা কী কী করি? কেন করি?
    - শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কেন গুরুত্বপূর্ণ? ইত্যাদি।
- লক্ষ রাখবেন এ আলোচনায় যেন বিষয়বস্তুর সকল দিকগুলো উঠে আসে।

**৪. দলগত কাজ (কাজ-খ )**

- শিক্ষার্থীদের ৫/৬ জনের দলে ভাগ করবেন।
- প্রত্যেক দলে ২৮ পৃষ্ঠার **'কাজ-খ'** দেখতে বলবেন ও কীভাবে পূরণ করতে হবে তা বুঝিয়ে বলবেন।
- দলগত কাজের জন্যে সময় বেঁধে দেবেন ও কাজ চলাকালে শিক্ষার্থীদের কাজ মনিটর করবেন। প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দলনেতাকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- শিক্ষার্থীদের সহায়তায় প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৫. একক কাজ (কাজ-গ)**

- প্রত্যেক শিক্ষার্থীকে **'কাজ-গ'** দেখতে বলবেন ও পাঠ্যবইয়ে দেয়া বিষয়বস্তু পড়ে ছক পূরণ করতে বলবেন।
- তাদের কাজ ঘুরে ঘুরে দেখবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দৈবচয়নের ভিত্তিতে কয়েকজনকে তাদের কাজ পড়ে শুনাতে বলবেন।
- প্রয়েজনীয় ফিডব্যাকসহ গুরুত্ব বুঝিয়ে বলবেন।

**৬. দলগত কাজ (ভূমিকাভিনয়) (কাজ-ঘ)**

এর জন্যে যা যা প্রয়োজন-

- ○ একটা ছোট ব্যানার
- ○ ফুলের তোড়া (প্রয়োজনে কৃত্রিম ফুল)
- ○ কিছু ফুল
- ○ সকলের অংশগ্রহণ
- ○ শিক্ষার্থীদেরকে মাঠে দুই সাড়িতে দাঁড় করাবেন, সামনে ব্যানার ও ফুলের তোড়া থাকবে, অন্যান্যদের কাছে ফুল থাকবে।

- আপনার নেতৃত্বে **'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি... '** গাইতে গাইতে বিদ্যালয়ের শহিদ মিনারের বেদিতে ফুল দেবে।
- পুষ্পস্তবক অর্পণ শেষে একইভাবে সাড়িবদ্ধ হয়ে তাদেরকে শ্রেণিকক্ষে ফিরিয়ে আনবেন।
- শিক্ষার্থীদের কাছ থেকে তাদের অনুভূতি জানতে চাইবেন-
  - ○ কাজটি কেমন লেগেছে?
  - ○ কেন আমরা কাজটি করলাম?
  - ○ প্রতিবছর কখন আমরা এ কাজটি করবো?
- এদিবসের গুরুত্বের বিষয়টিও শিক্ষার্থীদের সামনে তুলে ধরবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু  আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণী কার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের জন্যে প্রত্যেককে দু-একটি ফুল সংগ্রহ করে আনতে বলবেন এবং পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিকঅর্জন উপযোগী যোগ্যতা **৩.২** এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৩.২ ভাষা আন্দোলনের ঘটনাবলি অবগত হয়ে এর তাৎপর্য অনুধাবনপূর্বক ভাষাশহিদদের সম্মান করা। | ০৬.০৩(৩.২).০১ (PI-০৮) | ভাষা আন্দোলনের পটভূমি জেনে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের গুরুত্ব অনুধাবন করে ভাষাশহিদদের প্রতি সম্মান প্রদর্শন করতে পেরেছে। | ভাষা আন্দোলনের পটভূমি প্রকাশ করতে পেরেছে। | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের পটভূমি ও গুরুত্ব প্রকাশ করতে পেরেছে। | ভাষা আন্দোলনের গুরুত্ব অনুধাবন করে মাতৃভাষার প্রতি ভালোবাসা ও ভাষাশহিদদের প্রতি সম্মান প্রদর্শন করেছে। |

# ৩ আমাদের স্বাধীনতা দিবস

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৩.৩ বাংলাদেশের জাতীয় দিবস হিসেবে স্বাধীনতা দিবস ও বিজয় দিবসের গুরুত্ব উপলব্ধি করে দিবসসমূহ উদযাপন করা

**সেশন সংখ্যা: ২**

**সেশন-১৯ ও ২০**

**(কাজ ক, খ, গ, ঘ ও ঙ; পৃষ্ঠা: ২৯-৩১)**

**শিখনফল**

৩.৩.১ স্বাধীনতা দিবসের পটভূমি ব্যাখ্যা করতে পারবে।

৩.৩.২ স্বাধীনতা দিবসের গুরুত্ব বর্ণনা করতে পারবে।

৩.৩.৫ জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় উদযাপন করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. বাংলাদেশের মানচিত্র

২. বাংলাদেশ,ভারত ও পাকিস্তানের মিলিত মানচিত্র

৩. ছবি-১, ছবি-২ / এ সম্পর্কিত ভিডিওক্লিপ

৪. কর্মপত্র

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. আজকের পাঠের শিরোনাম **'আমাদের স্বাধীনতা দিবস'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

১. ছবি প্রদর্শন ও প্রশ্নোত্তর

বাংলাদেশের মানচিত্র প্রদর্শন করে শিক্ষার্থীদেরকে নিম্নরূপ প্রশ্ন করবেন-

- এটি কীসের ছবি?

○ এ দেশটির নাম কী?

**২. জোড়ায় কাজ (কাজ-ক)**

- শিক্ষার্থীদের ২৯ পৃষ্ঠার **'কাজ-ক'** এর ছবি পর্যবেক্ষণ করে বাংলাদেশ ও পাকিস্তান চিহ্নিত করতে বলবেন।
- ঘুরে ঘুরে তাদের কাজ পরিবীক্ষণ করবেন।
- চিহ্নিত করা শেষ হলে তাদের কাজ নিজ জায়গায় দাঁড়িয়ে দেখাতে বলবেন। প্রায় সকলের কাজেই এক নজরে দেখার চেষ্টা করবেন।
- এবার বইয়ের অনুরূপ মানচিত্র বোর্ডে টানিয়ে যারা সঠিকভাবে চিহ্নিত করতে পেরেছে এমন একজনকে দিয়ে বোর্ডে বাংলাদেশ ও পাকিস্তান চিহ্নিত করাবেন।
- এরূপ একজনকেও পাওয়া না গেলে আপনি নিজে চিহ্নিত করে দেখাবেন।

**৩. দলগত কাজ (কাজ-খ)**

- শিক্ষার্থীদেরকে ৫/৬ জনের দলে ভাগ করবেন।
- প্রত্যেক দলে ২৯ পৃষ্ঠার ছবি-১ ও ছবি-২ পর্যবেক্ষণ করতে বলবেন।
- দলে আলোচনার মাধ্যমে ছবিগুলো বিশ্লেষণ করে **'কাজ-খ'** এর ছকে লিখতে বলবেন।
- কাজটি ভালভাবে বুঝিয়ে দেবেন।
- কাজের জন্যে সময় নির্ধারণ করে দেবেন।
- কাজ চলাকালে মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে প্রত্যেক দলনেতাকে তাদের দলগত কাজ উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে বিষয়টির ধারণা স্পষ্ট করবেন।

**৪. বিষয়বস্তু প্রশ্ন-উত্তর আলোচনা**

- ছবি সম্পর্কে প্রশ্নের মাধ্যমে আলোচনার সূত্রপাত করে বিষয়বস্তু আলোচনা করবেন। যেমন-
  - ○ ভাষণে বঙ্গবন্ধু কীসের ডাক দিয়েছিলেন?
  - ○ ২৫শেমার্চ রাতে কী ঘটেছিল?
  - ○ তোমরা কি জান কত তারিখে বঙ্গবন্ধু স্বাধীনতা ঘোষণা করেছিলেন?
  - ○ কখন আমাদের দেশের জনগণ মুক্তিযুদ্ধ শুরু করেছিল?
  - ○ কত তারিখে আমরা স্বাধীনতা দিবস উদযাপন করি?
  - ○ আমাদের বিদ্যালয়ে কীভাবেইবা স্বাধীনতা দিবস উদযাপন করা হয়? ইত্যাদি।

**৫. দলগত কাজ (কাজ-গ)**

- দুই বেঞ্চের শিক্ষার্থীদেরকে মুখোমুখি বসিয়ে দল গঠন করবেন।
- দলে কী কাজ করবে তা ভালভাবে বুঝিয়ে দেবেন ও সময় নির্ধারণ করবেন।
- প্রশ্ন-উত্তর আলোচনা ও বইয়ের তথ্যের আলোকে কাজটি সম্পন্ন করতে বলবেন।
- দলগত কাজ চলাকালে ঘুরে ঘুরে তাদের কাজ পরিবীক্ষণ করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।

- দলগত কাজ শেষে দলনেতাকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৬. জোড়ায় কাজ (কাজ-ঘ)**

- পাশপাশি বসা দুজনে মিলে জোড়া গঠন করবেন।
- প্রত্যেক জোড়াকে ৩১ পৃষ্ঠার **'কাজ-ঘ'** দেখতে বলবেন ও কী করতে বলা হয়েছে তা জানতে চাইবেন।
- এবার তাদেরকে দুজনে আলোচনা করে ও ৩০ পৃষ্ঠার বিষয়বস্তু পড়ে ছক পূরণ করতে বলবেন।
- কাজ শেষে দৈবচয়নের ভিত্তিতে কয়েক জোড়াকে উপস্থাপন করতে বলবেন। এক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৭. দলগত কাজ (কাজ-ঙ)**

- শিক্ষার্থীদের ৫/৬জনের কয়েকটি দলে ভাগ করবেন।
- দলে কী কাজ করতে হবে তা ভালোভাবে বুঝিয়ে বলবেন। এর জন্যে সময় নির্ধারণ করে দেবেন।
- ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ পরিবীক্ষণ করবেন।
- কাজ শেষে প্রত্যেক দলকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে শিক্ষার্থীদের তৈরিকৃত তালিকার আলোকে ও তাদের সহায়তায় বোর্ডে একটি চূড়ান্ত তালিকা তৈরি করবেন।
- শিক্ষার্থীদের বলবেন যে, আগামী স্বাধীনতা দিবস আমরা এভাবে উদযাপন করবো।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

# ৪ আমাদের বিজয় দিবস

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৩.৩ বাংলাদেশের জাতীয় দিবস হিসেবে স্বাধীনতা দিবস ও বিজয় দিবসের গুরুত্ব উপলব্ধি করে দিবসসমূহ উদযাপন করা

**সেশন সংখ্যা: ২**

**সেশন-২১ ও ২২**

**(কাজ ক, খ, গ, ঘ ও ঙ; পৃষ্ঠা: ৩২-৩৫)**

**শিখনফল**

৩.৩.৩ বিজয় দিবসের পটভূমি ব্যাখ্যা করতে পারবে।

৩.৩.৪ বিজয় দিবসের গুরুত্ব বর্ণনা করতে পারবে।

৩.৩.৫ জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় উদযাপন করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. পাঠ্যপুস্তকের ছবি-১, ২, ৩ ও ৪ / ভিডিও ক্লিপ

২. পাঠ্যপুস্তকের বাইরে কিছু মুক্তিযুদ্ধের ছবি

৩. কর্মপত্র

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠ **'আমাদের বিজয় দিবস'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. ছবি প্রদর্শন ও প্রশ্নোত্তর**

পাঠ্যপুস্তকের বাইরে কিছু মুক্তিযুদ্ধের ছবি প্রদর্শন করে শিক্ষার্থীদের নিম্নরূপ প্রশ্ন করবেন-

- কোন সময়ের ছবি এটি?
- ছবিটিতে লোকগুলো কী করছে?

○ কেন করছে?

**২. পর্যবেক্ষণ ও দলগত কাজ (কাজ-ক)**

- শিক্ষার্থীদেরকে ৫/৬ জনের দলে ভাগ করবেন।
- প্রত্যেক দলে ২৯ পৃষ্ঠার ছবি-১, ছবি-২, ছবি-৩ ও ছবি-৪ পর্যবেক্ষণ করতে বলবেন।
- দলে আলোচনার মাধ্যমে ছবিগুলো বিশ্লেষণ করে **'কাজ-ক'** এর ছকে লিখতে বলবেন।
- কাজটি ভালভাবে বুঝিয়ে দেবেন।
- কাজের জন্যে সময় নির্ধারণ করে দেবেন।
- কাজ চলাকালে মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে প্রত্যেক দলনেতাকে তাদের দলগত কাজ উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে বিজয় দিবসের পটভূমির ধারণা স্পষ্ট করবেন।

**৩. বিষয়বস্তু প্রশ্ন-উত্তর আলোচনা**

- ছবি সম্পর্কে প্রশ্নের মাধ্যমে বিষয়বস্তু আলোচনার সূত্রপাত করে বিষয়বস্তু আলোচনা করবেন। যেমন-

    ○ আমাদের স্বাধীনতার সংগ্রাম কখন শুরু হয়েছিল?
    ○ তোমরা কি বলতে পার সংগ্রাম পরিচালনার জন্যে কোন সরকার গঠন করা হয়েছিল?
    ○ তোমরা কি জান স্বাধীনতা সংগ্রামের জন্যে কোন বাহিনী গঠন করা হয়েছিল?
    ○ মুক্তিযুদ্ধ কত সময় ধরে চলে?
    ○ মুক্তিযুদ্ধে কত মানুষ শহিদ হন?
    ○ কারা মুক্তিযুদ্ধের বিরোধিতা করেছিল?
    ○ কত তারিখে আমরা বিজয় অর্জন করি?
    ○ আমাদের বিদ্যালয়ে কীভাবেইবা বিজয় দিবস উদযাপন করা হয়? ইত্যাদি।

**৪. জোড়ায় কাজ (কাজ-খ)**

- পাশপাশি বসা দুজনে মিলে জোড়া গঠন করবেন।
- প্রত্যেক জোড়াকে ৩৪ পৃষ্ঠার **'কাজ-খ'** দেখতে বলবেন ও কী করতে বলা হয়েছে তা জানতে চাইবেন।
- এবার তাদেরকে দুজনে আলোচনা করে ও ৩৩ পৃষ্ঠার বিষয়বস্তু পড়ে ছক পূরণ করতে বলবেন।
- কাজ শেষে দৈবচয়নের ভিত্তিতে কয়েক জোড়াকে উপস্থাপন করতে বলবেন। এক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৫. দলগত কাজ (কাজ-গ)**

- দুই বেঞ্চের শিক্ষার্থীদেরকে মুখোমুখি বসিয়ে দল গঠন করবেন।
- দলে কী কাজ করবে তা ভালভাবে বুঝিয়ে দেবেন ও সময় নির্ধারণ করবেন।
- দলগত কাজ চলাকালে ঘুরে ঘুরে তাদের কাজ পরিবীক্ষণ করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।

- দলগত কাজ শেষে দলনেতাকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৬. জোড়ায় কাজ (কাজ-ঘ)**

- পাশপাশি বসা দুজনে মিলে জোড়া গঠন করবেন।
- প্রত্যেক জোড়াকে ৩৫ পৃষ্ঠার **'কাজ-ঘ'** দেখতে বলবেন ও কী করতে বলা হয়েছে তা জানতে চাইবেন।
- এবার তাদেরকে দুজনে আলোচনা করে ও ৩৩ পৃষ্ঠার বিষয়বস্তু পড়ে ছক পূরণ করতে বলবেন।
- কাজ শেষে দৈবচয়নের ভিত্তিতে কয়েক জোড়াকে উপস্থাপন করতে বলবেন। এক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৭. দলগত কাজ (কাজ-ঙ)**

- শিক্ষার্থীদের ৫/৬জনের কয়েকটি দলে ভাগ করবেন।
- দলে কী কাজ করতে হবে তা ভালোভাবে বুঝিয়ে বলবেন। এর জন্যে সময় নির্ধারণ করে দেবেন।
- ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ পরিবীক্ষণ করবেন।
- কাজ শেষে প্রত্যেক দলকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে শিক্ষার্থীদের তৈরিকৃত তালিকার আলোকে ও তাদের সহায়তায় বোর্ডে একটি চূড়ান্ত তালিকা তৈরি করবেন।
- শিক্ষার্থীদের বলবেন যে, আগামী স্বাধীনতা দিবস আমরা এভাবে উদযাপন করবো।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ৩.৩ এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৩.৩ বাংলাদেশের জাতীয় দিবস হিসেবে স্বাধীনতা দিবস ও বিজয় দিবসের গুরুত্ব উপলব্ধি করে দিবসসমূহ উদযাপন করা। | ০৬.০৩(৩.৩).০১ (PI-০৯) | স্বাধীনতা ও বিজয় দিবসের পটভূমি এবং গুরুত্ব অনুধাবন করে জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় উদযাপন করতে পেরেছে। | জাতীয় দিবসসমূহের নাম প্রকাশকরতে পেরেছে। | জাতীয় দিবসসমূহের তাৎপর্য ব্যাখ্যা করতে পেরেছে। | জাতীয় দিবসসমূহের তাৎপর্য অনুধাবন করে তা উদযাপনে সক্রিয় অংশগ্রহণ করেছে। |

# অধ্যায় : ০৫
# আমাদের সংস্কৃতি

## ১ আমাদের ভাষা, খাবার ও পোশাক

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৩.৪ বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য (ভাষা, খাবার, পোশাক, সংগীত, নৃত্য উৎসব-অনুষ্ঠান) জেনে এর প্রতি শ্রদ্ধাশীল হওয়া।

**সেশন সংখ্যা: ১**

**সেশন-২৩**

**(কাজ ক, খ, গ ও ঘ; পৃষ্ঠা: ৩৬-৩৮)**

**শিখনফল**

৩.৪.১ বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্যের উপাদান বর্ণনা করতে পারবে।

৩.৪.২ বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য চর্চার মাধ্যমে সাংস্কৃতিক বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. পাঠ্যপুস্তকের ছবি

২. বই বহির্ভূত বিভিন্ন ধরনের পোশাক, বিভিন্ন ধরনের খাবারের ছবির কার্ড। প্রতিটি কার্ডের আলাদা নম্বর থাকবে।

৩. পোশাকের রেপ্লিকা/মডেল

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. আজকের পাঠের শিরোনাম '**আমাদের ভাষা, খাবার ও পোশাক**' ঘোষণা করবেন ও বোর্ডে লিখবেন।

**খ. মূলপাঠ**

**১. প্রশ্ন-উত্তর, ছবি পর্যবেক্ষণ**

- শিক্ষার্থীদেরকে নিম্নরূপ প্রশ্ন করবেন-

- ○ আমরা কোন ভাষায় কথা বলি?
- ○ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষ কোন ভাষায় কথা বলে?

- কয়েকজনকে জিজ্ঞাসা করে জানতে চান তারা কী কী খেয়ে এসেছে, বাড়িতে কী ধরনের পোশাক পরে ইত্যাদি।
- শিক্ষার্থীদেরকে পাঠ্যবইয়ের ৩৬ পৃষ্ঠা খুলতে বলবেন।
- ছবিগুলো দেখতে বলবেন এবং ছবির নিচের প্রশ্নগুলোর উত্তর লিখতে বলবেন।

**২. দলগত কাজ**

- শিক্ষার্থীদেরকে ৫/৬ জনের দলে ভাগ করবেন।
- এবার প্রত্যেক দলে বিভিন্ন ধরনের খাবারের ছবি, বিভিন্ন ধরনের পোশাকের ছবির কার্ডগুলো সরবরাহ করবেন।
- দলে আলোচনা করে কোনটি কীসের ছবি তার তালিকা নিচের ছকে লিখতে বলবেন। ছকটি বোর্ডে প্রদর্শন করবেন।

| পোশাক ও খাবারের নাম | ছবির নম্বর |
|---|---|
| | |
| | |
| | |
| | |

**৩. প্রশ্ন-উত্তর আলোচনা**

- প্রশ্ন-উত্তর ব্যবহার করে পাঠ্যবইয়ের বিষয়বস্তু ভাষা, খাবার ও পোশাক সম্পর্কে ধাপে ধাপে শিক্ষার্থীদেরকে ধারণা প্রদান করবেন।
    - ○ আমাদের দেশে ব্যবহৃত ভাষা কী কী?
    - ○ আমরা কী কী ধরনের খাবার খাই?
    - ○ কারা (নারী, পুরুষ) কী ধরনের পোশাক পরে? ইত্যাদি।

**৪. দলগত কাজ (কাজ-ক)**

- শিক্ষার্থীদের ৫/৬জনের দলে ভাগ করবেন।
- দলে কী কাজ কীভাবে করতে হবে তা বুঝিয়ে দেবেন।
- দলগত কাজের জন্যে সময় বেঁধে দেবেন।
- প্রশ্ন-উত্তর আলোচনা ও বইয়ের অংশটুকু পড়ে তার তথ্যের আলোকে সকল দলকে ৩৭ পৃষ্ঠার **'কাজ-ক'** এর সাংস্কৃতিক ঐতিহ্যের উপাদানের প্রবাহ চিত্রটি পূরণ করতে বলবেন।

- দলগত কাজের সময় ঘুরে ঘুরে তাদের কাজ পরিবীক্ষণ করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলনেতাকে তাদের দলগত কাজ উপস্থাপন করতে বলবেন।
- সব শেষে ফলাবর্তন প্রদান করে উপাদান সংক্রান্ত ধারণা স্পষ্ট করবেন।

**৫. দলগত কাজ (কাজ-খ)**

- শিক্ষার্থীরদেরকে পাঠ্যবইয়ের ৩৮ পৃষ্ঠা খুলে **'কাজ-খ'** দেখতে বলবেন।
- ছকটি কীভাবে পূরণ করতে হবে তা শিক্ষার্থীদের বুঝিয়ে দেবেন।
- শিক্ষার্থীরা একাকী ছকটি পূরণ করবে ও আপনি ঘুরে ঘুরে তাদের কাজ দেখবেন।
- নির্দিষ্ট সময় শেষে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- অধিকাংশ শিক্ষার্থীর কাজই দেখার চেষ্টা করবেন।

**৬. জোড়ায় কাজ (কাজ-গ)**

- পাশপাশি বসা দুজনে মিলে এক একটি জোড়া তৈরি করবেন।
- প্রত্যেক জোড়াকে ৩৮ পৃষ্ঠার **'কাজ-গ'** কাজটি ৩৭ পৃষ্ঠার অনুচ্ছেদ পড়ে পূরণ করতে বলবেন।
- পূরণ করার সময় প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- পূরণ করা হলে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।

**৭. একক কাজ (কাজ-ঘ)**

- শিক্ষার্থীরদেরকে পাঠ্যবইয়ের ৩৮ পৃষ্ঠা খুলে **'কাজ-ঘ'** দেখতে বলবেন।
- ছকটি কীভাবে পূরণ করতে হবে তা শিক্ষার্থীদের বুঝিয়ে দেবেন। পূরণকৃত ছক থেকে কোন কোন খাবার ও পোশাক তার পছন্দ তা লিখবে।
- শিক্ষার্থীরা একাকী ছকটি পূরণ করবে ও আপনি ঘুরে ঘুরে তাদের কাজ দেখবেন।
- নির্দিষ্ট সময় শেষে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- অধিকাংশ শিক্ষার্থীর কাজই দেখার চেষ্টা করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

# ২ আমাদের সংগীত, নৃত্য ও উৎসব অনুষ্ঠান

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

৩.৪ বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য (ভাষা, খাবার, পোশাক, সংগীত, নৃত্য উৎসব-অনুষ্ঠান) জেনে এর প্রতি শ্রদ্ধাশীল হওয়া।

**সেশন সংখ্যা: ১**

**সেশন-২৪**

**(কাজ ক, খ, গ ও ঘ; পৃষ্ঠা: ৩৯-৪১)**

## শিখনফল

৩.৪.১ বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্যের উপাদান বর্ণনা করতে পারবে।

৩.৪.২ বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য চর্চার মাধ্যমে সাংস্কৃতিক বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করতে পারবে।

## শিখন-শেখানো উপকরণ

১. বিভিন্ন ধরনের নৃত্যের ছবি, বৈশাখি মেলা, পৌষ মেলা, ধর্মীয় উৎসব-অনুষ্ঠানের, বিয়ে অনুষ্ঠানের ছবির কার্ড। প্রতিটি কার্ডে নম্বর দেয়া থাকবে।

২. কর্মপত্র

## শিখন-শেখানো কার্যাবলি

### ক. ভূমিকা

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠ **‘আমাদের সংগীত, নৃত্য ও উৎসব অনুষ্ঠান’** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

### খ. মূলপাঠ

### ১. ছবি পর্যবেক্ষণ

- শিক্ষার্থীদেরকে পাঠ্যবইয়ের ৩৯ পৃষ্ঠা খুলতে বলবেন।
- ছবিগুলো দেখতে বলবেন এবং ছবির নিচের প্রশ্নগুলোর উত্তর লিখতে বলবেন।
- বিভিন্ন ধরনের নৃত্যের ছবি, বৈশাখি মেলা, পৌষ মেলা, ধর্মীয় উৎসব, বিয়ে অনুষ্ঠানের ছবির

কার্ডগুলো প্রদর্শন করবেন।

- জিজ্ঞাসা করবেন- কোনটি কীসের ছবি?

**২. দলগত কাজ**

- শিক্ষার্থীদেরকে ৫/৬ জনের দলে ভাগ করবেন।
- সকল দলকে ভিন্ন ধরনের একাধিক রেকর্ডকৃত গান শুনিয়ে নিম্নরূপ প্রশ্ন করবেন-
    - সবগুলো গান কি একই ধরনের?
    - এ গানগুলো কি আমাদের?
    - এ গানগুলো কি আমাদের সংস্কৃতির উপাদান?ইত্যাদি।
- এবার প্রত্যেক দলে বিভিন্ন ধরনের নৃত্যের ছবি, বৈশাখি মেলা, পৌষ মেলা, ধর্মীয় উৎসব-অনুষ্ঠানের, বিয়ে অনুষ্ঠানের ছবির কার্ডগুলো সরবরাহ করবেন।
- দলে আলোচনা করে কোনটি কীসের ছবি তার তালিকা নিচের ছকে লিখতে বলবেন। ছকটি বোর্ডে প্রদর্শন করবেন।

| নাম | ছবির নম্বর |
|---|---|
| নাচ/নৃত্য | |
| উৎসব | |
| অনুষ্ঠান | |

**৩. দলগত কাজ (কাজ-ক)**

- শিক্ষার্থীদের ৫/৬জনের দলে ভাগ করবেন।
- দলে কী কাজ কীভাবে করতে হবে তা বুঝিয়ে দেবেন।
- দলগত কাজের জন্যে সময় বেঁধে দেবেন।
- সকল দলকে বইয়ে দেয়া বিষয়বস্তু পড়ে ৪০ পৃষ্ঠার **‘কাজ-ক’** এর তালিকা তৈরি করতে বলবেন।
- দলগত কাজের সময় ঘুরে ঘুরে তাদের কাজ পরিবীক্ষণ করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলনেতাকে তাদের দলগত কাজ উপস্থাপন করতে বলবেন।
- সব শেষে ফলাবর্তন প্রদান করে উপাদান সংক্রান্ত ধারণা স্পষ্ট করবেন।

**৪. একক কাজ (কাজ-খ)**

- শিক্ষার্থীরদেরকে পাঠ্যবইয়ের ৪১ পৃষ্ঠা খুলে **‘কাজ-খ’** দেখতে বলবেন।
- কীভাবে শূণ্যস্থান পূরণ করতে হবে তা শিক্ষার্থীদের বুঝিয়ে দেবেন।
- শিক্ষার্থীরা একাকী  পূরণ করবে ও আপনি ঘুরে ঘুরে তাদের কাজ দেখবেন।
- নির্দিষ্ট সময় শেষে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- অধিকাংশ শিক্ষার্থীর কাজই দেখার চেষ্টা করবেন।

**৫. জোড়ায় কাজ (কাজ-গ)**

- পাশপাশি বসা দুজনে মিলে এক একটি জোড়া তৈরি করবেন।
- প্রত্যেক জোড়াকে ৩৮ পৃষ্ঠার **'কাজ-গ'** কাজটি ৩৯-৪০ পৃষ্ঠার অনুচ্ছেদ পড়ে দাগ টেনে মিল করতে বলবেন।
- মিল করার সময় প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- কাজটি সম্পন্ন হলে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।

**৬. একক কাজ (কাজ-ঘ)**

- শিক্ষার্থীরদেরকে পাঠ্যবইয়ের ৪১ পৃষ্ঠা খুলে **'কাজ-ঘ'** দেখতে বলবেন।
- ছকটি কীভাবে পূরণ করতে হবে তা শিক্ষার্থীদের বুঝিয়ে দেবেন।
- শিক্ষার্থীরা একাকী ছকটি পূরণ করবে ও আপনি ঘুরে ঘুরে তাদের কাজ দেখবেন।
- নির্দিষ্ট সময় শেষে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- অধিকাংশ শিক্ষার্থীর কাজই দেখার চেষ্টা করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ৩.৪ এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৩.৪ বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য (ভাষা, খাবার, পোশাক, সংগীত নৃত্য, উৎসব-অনুষ্ঠান) জেনে এর প্রতি শ্রদ্ধাশীল হওয়া। | ৬.০৩(৩.৪).০১ (PI-১০) | বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্যের উপাদান (ভাষা, খাবার, পোশাক, সংগীত, নৃত্য, উৎসব-অনুষ্ঠান) জেনে এগুলো চর্চার মাধ্যমে সাংস্কৃতিক বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করতে পেরেছে। | বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্যের উপাদানের নাম প্রকাশ করতে পেরেছে। | বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্যের উপাদান উদাহরণসহ প্রকাশ করতে পেরেছে। | বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল হয়ে চর্চা করতে আগ্রহী হয়েছে। |

২০২৪

# অধ্যায় : ০৬
# মহাদেশ ও মহাসাগর

### শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

৪.১ মহাদেশ, মহাসাগর সম্পর্কে জেনে ভৌগোলিক বৈচিত্র্যের প্রতি আগ্রহী হওয়া।

## ১ মহাদেশ

**সেশন সংখ্যা: ২**

**সেশন-২৫ ও ২৬**

**(কাজ ক, খ ও গ; পৃষ্ঠা: ৪২-৪৪)**

### শিখনফল

৪.১.১ পৃথিবীর মানচিত্রে মহাদেশ চিহ্নিত করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

১. পৃথিবীর মানচিত্র
২. গ্লোব

### শিখন-শেখানো কার্যাবলি

### ক. ভূমিকা

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পৃথিবীর মানচিত্র প্রদর্শন করে এ সম্পর্কে প্রশ্ন করার মাধ্যমে আজকের পাঠের শিরোনাম ‘**মহাদেশ**’ ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

### খ. মূলপাঠ

### ১. প্রদর্শন ও আলোচনা

- পৃথিবীর গ্লোব/মানচিত্র প্রদর্শন করবেন।
- প্রশ্ন করবেন-
    - এটা কী?

- ○ এটি কীসের প্রতিরূপ?
- ○ এখানে কী কী দেখানো হয়েছে?
- ○ কোন অংশ স্থলভাগ ও কোন অংশ জলভাগ?

- শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে স্থলভাগই যে মহাদেশে বিভক্ত তা শিক্ষার্থীদের নিকট স্পষ্ট করবেন।

**২. একক কাজ (কাজ-ক)**

- শিক্ষার্থীরদেরকে পাঠ্যবইয়ের ৪৩ পৃষ্ঠা খুলে **'কাজ-ক'** দেখতে বলবেন।
- ছকটি কীভাবে পূরণ করতে হবে তা শিক্ষার্থীদের বুঝিয়ে দেবেন।
- শিক্ষার্থীরা বইয়ের মানচিত্র ব্যবহার করে একাকী ছকটি পূরণ করবে ও আপনি ঘুরে ঘুরে তাদের কাজ দেখবেন।
- নির্দিষ্ট সময় শেষে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- অধিকাংশ শিক্ষার্থীর কাজই দেখার চেষ্টা করবেন।

**৩. জোড়ায় ও দলগত কাজ (কাজ-খ)**

- পাশপাশি বসা দুজনে মিলে এক একটি জোড়া তৈরি করবেন।
- প্রত্যেক জোড়াকে ৪৩ পৃষ্ঠার **'কাজ-খ'** কাজটি দেখতে বলবেন।
- এখানে কী করতে বলা হয়েছে তা জানতে চাইবেন। প্রয়োজনে কীভাবে কী কাজ করতে হবে তা ব্যাখ্যা করবেন।
- জোড়ায় আলোচনা করে বইয়ে দেয়া মানচিত্রের ডান পাশের খালি ঘরে মহাদেশগুলোর নাম লিখতে বলবেন।
- লেখা শেষ হলে দুই জোড়াকে একসাথে বসিয়ে দল গঠন করবেন।
- এবার দলে জোড়ার কাজ যাচাই করে ঠিক করতে বলবেন।
- কাজটি সম্পন্ন হলে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রয়োজনে ফিডব্যাক প্রদান করবেন।

**৪. দলগত কাজ**

- শিক্ষার্থীদেরকে ৬/৭ জনের দলে ভাগ করবেন।
- প্রত্যেক দলে গ্লোব সরবরাহ করবেন ও বইয়ের ৪২পৃষ্ঠার মানচিত্র বের করতে বলবেন।
- এবার মানচিত্রের সহায়তায় গ্লোবে মহাদেশগুলো মোচনীয় মার্কার দ্বারা চিহ্নিত করতে বলবেন।
- কাজ শেষে প্রত্যেক দলকে প্রদর্শন করতে বলবেন।

**৫. একক কাজ (কাজ-গ)**

- শিক্ষার্থীদেরকে ৪৪ পৃষ্ঠা খুলতে বলবেন ও জানতে চাইবেন এটা কীসের চিত্র।
- এবার কী করতে হবে তা বুঝিয়ে দেবেন।
- তাদের প্রত্যেককে নিজ নিজ বইয়ে রং পেনসিল দিয়ে মহাদেশগুলো রং করতে বলবেন।

- রং করার সময় ঘুরে ঘুরে তাদের কাজ দেখবেন ও সহায়তা দেবেন।
- প্রত্যেককে কাজ উপস্থাপন করতে বলবেন।
- কাজ চলাকালে ও শেষে তাদের কাজের মূল্যায়ন করবেন।
- সুন্দর কাজের জন্যে সকলকে প্রসংশা করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের জন্যে সকলকে বিভিন্ন রঙের রংপেনসিল আনতে বলবেন এবং পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

# ২ মহাসাগর

**সেশন সংখ্যা: ২**

**সেশন-২৭ ও ২৮**

**(কাজ ক, খ, গ ও ঘ; পৃষ্ঠা: ৪৫ ও ৪৬)**

### শিখনফল

৪.১.২ পৃথিবীর মানচিত্রে মহাসাগর চিহ্নিত করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

১. পৃথিবীর মানচিত্র

২. গ্লোব

### শিখন-শেখানো কার্যাবলি

### ক. ভূমিকা

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পৃথিবীর মানচিত্র প্রদর্শন করে এ সম্পর্কে প্রশ্ন করার মাধ্যমে আজকের পাঠের শিরোনাম **‘মহাসাগর’** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

### খ. মূলপাঠ

**১. প্রদর্শন ও আলোচনা**

- পৃথিবীর গ্লোব/মানচিত্র প্রদর্শন করে পাঠ্যবইয়ের বিষয়বস্তুর আলোকে মহাদেশগুলো চিহ্নিত করতে বলবেন।
- মানচিত্রে নীল রং করা অংশ কী বুঝায় তা জানতে চাইবেন।
- এই নীল অংশই যে বিভিন্ন মহাসাগরে বিভক্ত তা শিক্ষার্থীদের নিকট স্পষ্ট করবেন।

**২. একক কাজ (কাজ-ক)**

- শিক্ষার্থীরদেরকে পাঠ্যবইয়ের ৪৫ পৃষ্ঠা খুলে **‘কাজ-ক’** দেখতে বলবেন।
- ছকটি কীভাবে পূরণ করতে হবে তা শিক্ষার্থীদের বুঝিয়ে দেবেন।
- শিক্ষার্থীরা একাকী ছকটি পূরণ করবে ও আপনি ঘুরে ঘুরে তাদের কাজ দেখবেন।
- নির্দিষ্ট সময় শেষে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- অধিকাংশ শিক্ষার্থীর কাজই দেখার চেষ্টা করবেন।

**৩. জোড়ায় ও দলগত কাজ (কাজ-খ)**

- পাশপাশি বসা দুজনে মিলে এক একটি জোড়া তৈরি করবেন।
- প্রত্যেক জোড়াকে ৪৬ পৃষ্ঠার **'কাজ-খ'** কাজটি দেখতে বলবেন।
- এখানে কী করতে বলা হয়েছে তা জানতে চাইবেন। প্রয়োজনে কীভাবে কী কাজ করতে হবে তা ব্যাখ্যা করবেন।
- জোড়ায় আলোচনা করে খালি ঘরে মহাসাগরের নাম লিখতে বলবেন। পাঠ্য বইয়ে দেয়া তথ্যের সহায়তা নিতে বলবেন।
- লেখা শেষ হলে দুই জোড়াকে একসাথে বসিয়ে দল গঠন করবেন।
- প্রত্যেক দলে গ্লোব সরবরাহ করবেন।
- এবার দলে গ্লোব ব্যবহার করে জোড়ার কাজ নিজেরাই যাচাই করে করতে বলবেন।
- কাজটি সম্পন্ন হলে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রয়োজনে ফিডব্যাক প্রদান করবেন।

**৪. জোড়ায় কাজ (কাজ-গ)**

- পাশপাশি বসা দুজনে মিলে এক একটি জোড়া তৈরি করবেন।
- প্রত্যেক জোড়াকে ৪৬ পৃষ্ঠার **'কাজ-গ'** কাজটি দেখতে বলবেন।
- এখানে কী করতে বলা হয়েছে তা জানতে চাইবেন। প্রয়োজনে কীভাবে কী কাজ করতে হবে তা ব্যাখ্যা করবেন।
- জোড়ায় আলোচনা করে খালি ঘরে মহাদেশ ও মহাসাগরের নাম লিখতে বলবেন।
- কাজ শেষে প্রত্যেক জোড়াকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৫. একক কাজ (কাজ-ঘ)**

- শিক্ষার্থীদেরকে ৪৬ পৃষ্ঠা খুলতে বলবেন ও জানতে চাইবেন এটা কীসের চিত্র।
- এবার কী করতে হবে তা বুঝিয়ে দেবেন।
- তাদের প্রত্যেককে নিজ নিজ বইয়ে রং পেনসিল দিয়ে মহাসাগরগুলো রং করতে বলবেন।
- মহাসাগরগুলোর অবস্থান চিহ্নিত করতে বলবেন। প্রয়োজনে ৪৫ পৃষ্ঠার মানচিত্রের সহায়তা নেবে।
- রং করার সময় ঘুরে ঘুরে তাদের কাজ দেখবেন ও সহায়তা দেবেন।
- প্রত্যেককে কাজ উপস্থাপন করতে বলবেন।
- কাজ চলাকালে ও শেষে তাদের কাজের মূল্যায়ন করবেন।
- সুন্দর কাজের জন্যে সকলকে প্রসংশা করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের জন্যে সকলকে বিভিন্ন রঙের রংপেনসিল আনতে বলবেন এবং পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

# ৩ মহাদেশের ভৌগোলিক বৈচিত্র্য

**সেশন সংখ্যা: ১**

**সেশন-২৯**

**(কাজ ক ও খ; পৃষ্ঠা: ৪৭-৪৯)**

### শিখনফল

৪.১.৩ বিভিন্ন মহাদেশের ভৌগোলিক বৈচিত্র্য সম্পর্কে বর্ণনা করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

১. পৃথিবীর মানচিত্র

২. মহাদেশেগুলোর মানচিত্রের কার্ড

৩. প্রতিটি মহাদেশের বৈশিষ্ট্য সম্বলিত ছবির কার্ড

### শিখন-শেখানো কার্যাবলি

### ক. ভূমিকা

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. আজকের পাঠ শিরোনাম **'মহাদেশের ভৌগোলিক বৈচিত্র্য'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

### খ. মূলপাঠ

**১. প্রদর্শন ও প্রশ্ন-উত্তর আলোচনা**

- পৃথিবীর মানচিত্র প্রদর্শন করে শিক্ষার্থীদের কাছ থেকে বিভিন্ন মহাদেশ সম্পর্কে জানতে চাইবেন-
    - এখানে কয়টি মহাদেশ?
    - সকল মহাদেশের আয়তন বা আকার কি একই রকম?
    - কেমন?
- এক এক করে মাহদেশের কার্ড প্রদর্শন করবেন ও নাম জানতে চাইবেন ।
- এবার মাহাদেশের বৈশিষ্ট্য সম্বলিত কার্ড প্রদর্শন করবেন ও এগুলো কী তা জানতে চাইবেন।

**২. দলগত কাজ**

- ৫/৬ জনের দল গঠন করবেন।
- দলে মহাদেশ ও বৈশিষ্ট্যের কার্ড সরবরাহ করবেন।
- দলগত আলোচনা করে কোন মহাদেশের কোন বৈশিষ্ট্য সে অনুযায়ী কার্ডগুলো সাজাতে বলবেন।
- পাঠ্যবইয়ের তথ্য অনুযায়ী তাদের দলগত কাজ যাচাই করতে বলবেন।

**৩. একক কাজ (কাজ-ক)**

- শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের ৪৮পৃষ্ঠা খুলে **‘কাজ-ক’** দেখতে বলবেন।
- **‘কাজ-ক’** নিয়ে কীভাবে কাজ করতে হবে তা বুঝিয়ে বলবেন।
- শিক্ষার্থীদেরকে বিষয়বস্তু পড়ে কাজটি সম্পন্ন করতে বলবেন।
- কাজটি সম্পন্ন হলে সকলকে এক এক করে উপস্থাপন করতে বলবেন।

**৪. দলগত কাজ (কাজ-খ)**

- দুই বেঞ্চের শিক্ষার্থীদের মুখোমুখি বসিয়ে দল গঠন করবেন।
- প্রত্যেক দলের একজন দলনেতা নির্বাচন করতে বলবেন।
- প্রত্যেক দলকে বইয়ের ৪৯পৃষ্ঠার **‘কাজ-খ’** দেখতে বলবেন এবং জিজ্ঞাসা করবেন কী করতে বলা হয়েছে।
- প্রয়োজনে করণীয় বুঝিয়ে বলবেন।
- কাজের জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- কাজ শেষ হলে প্রত্যেক দলের দলনেতাকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- ফলাবর্তন প্রদান করে বিষয়টি স্পষ্ট করবেন।

**৫. দলগত কাজ (ভূমিকাভিনয়)**

- ভূমিকাভিনয়ের জন্যে সাতজন চটপটে শিক্ষার্থী নির্বাচন করবেন।
- সাতজনের মধ্যে কে কোন মহাদেশের ভূমিকায় অভিনয় করবে তা নির্ধারণ করবেন।
- স্ক্রিপ্ট অনুযায়ী একজন একজন করে অভিনয় করবে। অন্যদের বলতে বলবেন সে কে।
- এভাবে সকলকে দিয়ে অভিনয় করাবেন।

**ভূমিকাভিনয়ের জন্যে স্ক্রিপ্ট:**

১. **এশিয়া:** আমি সবচেয়ে বড়ো মহাদেশ। আমার আছে সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্ট।

-বলতো আমি কে?

২. **আফ্রিকা:** আমি আয়তনের দিক থেকে দ্বিতীয় মহাদেশ। আমার আছে সাহারা মরুভূমি।

-বলতো আমি কে?

৩. **উত্তর আমেরিকা:** আমি তৃতীয় বৃহত্তম মহাদেশ। আমার মেরু অঞ্চল বরফে ঢাকা। সেখানে এস্কিমোরা বাস করে।

-বলতো আমি কে?

৪. **দক্ষিণ আমেরিকা:** আমি আয়তনের দিক থেকে চতুর্থ। আমার আছে এনাকোন্ডা।

- বলতো আমি কে?

৫. **এন্টার্কটিকা:** আমি সারা বছর বরফে ঢাকা থাকি। আমার এখানে পেঙ্গুইন বাস করে। আয়তনে আমি পঞ্চম স্থানে

- বলতো আমি কোন মহাদেশ?

৬. **ইউরোপ:** আমি আয়তনের দিক থেকে ষষ্ঠ । আমার উত্তর অঞ্চলে বরফে স্কিয়িং খেলা যায়।

- বলতো আমার নাম কী?

৭. **অস্ট্রেলিয়া:** আমি হলাম সবচেয়ে ছোট মহাদেশ। পৃথিবী বিখ্যাত প্রাণী ক্যাঙ্গারু এখানে বাস করে।

- বলতো আমি কে?

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্য শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

গ. উপসংহার

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

# ৪ এশিয়ার মানচিত্রে বাংলাদেশ

**সেশন সংখ্যা: ১**

**সেশন-৩০**

**(কাজ ক, খ ও গ; পৃষ্ঠা: ৫০ ও ৫১)**

**শিখনফল**

৪.১.৪ আগ্রহের সাথে এশিয়া মহাদেশে নিজের অবস্থান চিহ্নিত করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. পৃথিবীর মানচিত্র

২. গ্লোব

৩. দেশের নামবিহীন এশিয়ার মানচিত্র,

৪. এশিয়ায়ার আউটলাইন মানচিত্র

৫. কর্মপত্র

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পৃথিবীর মানচিত্র প্রদর্শন করে এ সম্পর্কে প্রশ্ন করার মাধ্যমে আজকের পাঠের শিরোনাম **'এশিয়া মহাদেশে বাংলাদেশ'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. একক কাজ (কাজ-ক)**

- শিক্ষার্থীদেরকে বইয়ের ৫০ পৃষ্ঠা খুলতে বলবেন।
- **'কাজ-ক'** এর এশিয়ার মানচিত্র থেকে বাংলাদেশকে চিহ্নিত করতে বলবেন।
- শিক্ষার্থীদের কাজ ঘুরে ঘুরে দেখবেন। প্রয়োজনে সহায়তা দেবেন।
- সকলের কাজ দেখাতে বলবেন।
- এবার শিক্ষার্থীদের প্রশ্ন করবেন- মানচিত্রে তোমার অবস্থান কোথায়?
- উত্তরের প্রেক্ষিতে এটা স্পষ্ট করবেন যে এশিয়া মহাদেশেই আমাদের অবস্থান। আর সেটি হলো বাংলাদেশ।

**২. দলগত কাজ**

- দুই বেঞ্চের শিক্ষার্থীদেরকে মুখোমুখি বসিয়ে দল গঠন করবেন।
- প্রত্যেক দলে দেশের নামবিহীন এশিয়ার মানচিত্র সরবরাহ করবেন।
- দলে আলোচনা করে –

    - বাংলাদেশ চিহ্নিত করবে
    - বাংলাদেশের চারিদিকে কোন কোন দেশ আছে তা লিখবে
    - কোন দেশগুলো বাংলাদেশের চেয়ে বড়ো বা ছোট তা লিখবে

**৩. জোড়ায় কাজ (কাজ-খ)**

- পাশপাশি বসা দুজনে মিলে এক একটি জোড়া তৈরি করবেন।
- প্রত্যেক জোড়াকে ৫০ পৃষ্ঠার **'কাজ-খ'** কাজটি দেখতে বলবেন।
- এখানে কী করতে বলা হয়েছে তা জানতে চাইবেন। প্রয়োজনে কীভাবে কী কাজ করতে হবে তা ব্যাখ্যা করবেন।
- জোড়ায় আলোচনা করে খালি ঘরে দেশ ও জলভাগের নাম লিখতে বলবেন।
- কাজ শেষে প্রত্যেক জোড়াকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৪. একক কাজ (কাজ-গ)**

- শিক্ষার্থীদেরকে ৫১ পৃষ্ঠা খুলতে বলবেন ও জানতে চাইবেন এটা কীসের চিত্র।
- এবার কী করতে হবে তা বুঝিয়ে দেবেন।
- তাদের প্রত্যেককে নিজ নিজ বইয়ে রং পেনসিল দিয়ে প্রথমে বাংলাদেশকে রং করতে বলবেন।
- বাংলাদেশকে রং করা শেষ হলে বাংলাদেশের পাশের ২/৩টি দেশকে রং করতে বলবেন।
- রং করার সময় ঘুরে ঘুরে তাদের কাজ দেখবেন ও সহায়তা দেবেন।
- প্রত্যেককে কাজ উপস্থাপন করতে বলবেন।
- কাজ চলাকালে ও শেষে তাদের কাজের মূল্যায়ন করবেন।
- সুন্দর কাজের জন্যে সকলকে প্রসংশা করবেন।

**৫. দলগত কাজ**

- শিক্ষার্থীদেরকে ৫/৬ জনের দলে ভাগ করবেন।
- প্রত্যেক দলে একটি করে গ্লোব সরবরাহ করবেন।
- দলে গ্লোব পর্যবেক্ষণ করে এশিয়া মহাদেশ ও বাংলাদেশ চিহ্নিত করতে বলবেন।
- দলে ঘুরে ঘুরে তাদের কাজ দেখবেন। চিহ্নিত করতে পেরেছে কিনা তা মূল্যায়ন করবেন। প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু  আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

### গ. উপসংহার

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ৪.১ এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৪.১ মহাদেশ ও মহাসাগর সম্পর্কে জেনে ভৌগলিক বৈচিত্র্যের প্রতি আগ্রহী হওয়া। | ০৬.০৩(৪.১).০১ (PI-১১) | পৃথিবীর মানচিত্রে মহাদেশ ও মহাসাগর চিহ্নিত করে বিভিন্ন মহাদেশের ভৌগলিক বৈচিত্র্য প্রকাশ করতে পেরেছে। | পৃথিবীর মানচিত্রে কয়েকটি মহাদেশ ও মহাসাগর এবং এশিয়া মহাদেশে বাংলাদেশের অবস্থান চিহ্নিত করতে পেরেছে। | পৃথিবীর মানচিত্রে সবকটি মহাদেশ ও মহাসাগর চিহ্নিত করে তাদের আকার প্রকাশ করতে পেরেছে। | মানচিত্রে মহাদেশ ও মহাসাগর চিহ্নিত করে মহাদেশেগুলোর ভৌগলিক বৈশিষ্ট্য প্রকাশ করতে পেরেছে। |

# অধ্যায় : ৭
# পরিবার ও বিদ্যালয়ে শিশুর ভূমিকা

## ১ পরিবারের সদস্যদের প্রতি আমার দায়িত্ব ও কর্তব্য

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৫.১ পরিবারের ছোটো ও বড়োদের প্রতি করণীয় বিষয়ে সচেতন হয়ে নিজ ভূমিকা পালন করা।

**সেশন সংখ্যা: ১**

**সেশন-৩১**

**(কাজ ক, খ, গ ও ঘ; পৃষ্ঠা: ৫২ ও ৫৩)**

**শিখনফল**

৫.১.১ পরিবারের ছোটোদের প্রতি ভালোবেসে দায়িত্ব পালন করতে পারবে।

৫.১.২ পরিবারে বড়োদের প্রতি শ্রদ্ধাসহকারে দায়িত্ব পালন করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. পাঠ্যপুস্তকের ছবি।

২. কর্মপত্র।

৩. পাঠ্য বইয়ের বাইরে থেকে সংগৃহীত পরিবারের সদস্যদের প্রতি শিশুর দায়িত্ব ও কর্তব্য এর ছবি।

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পাঠ্যপুস্তকের ছবি-১ ও ২ প্রদর্শন করে শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রশ্ন করবেন-

- ছবিগুলো কীসের বা কী সম্পর্কিত?
- ছবিতে কী দেখা যাচ্ছে?

৩. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠ শিরোনাম **'পরিবারের সদস্যদের প্রতি আমার দায়িত্ব ও কর্তব্য'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

## খ. মূলপাঠ

### ১. পর্যবেক্ষণ ও একক কাজ (কাজ-ক)

- পাঠ্যপুস্তকের ৫২ পৃষ্ঠায় দেওয়া ছবি-১ ও ২ পর্যবেক্ষণ করে সবাইকে নিজ নিজ খাতায় **'কাজ-ক'** এর প্রশ্নের উত্তর লিখতে বলবেন।
- কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- তাদের কাজ ঘুরে ঘুরে দেখবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দৈবচয়নের ভিত্তিতে কয়েকজনকে তাদের কাজ পড়ে শুনাতে বলবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

### ২. জোড়ায় কাজ (কাজ-খ)

- শিক্ষার্থীদের প্রত্যেককে ৫২ পৃষ্ঠার অনুচ্ছেদটুকু নীরবে পড়তে বলবেন। পড়ার জন্যে সময় বেঁধে দেবেন।
- পড়া শেষ হলে পাশাপাশি বসা দুজনে মিলে জোড়া তৈরি করবেন।
- জোড়ায় অনুচ্ছেদটুকু আলোচনা করে **'কাজ-খ'** এর ছকটি পূরণ করতে বলবেন।
- কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ মনিটর করবেন। প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দলনেতাকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

### ৩. দলগত কাজ (কাজ-গ)

- পূর্বের দলেই কাজ করতে বলবেন।
- প্রত্যেক দলকে **'কাজ-গ'** দেখতে বলবেন।
- দলে আলোচনা করে **'কাজ-গ'** এর ছক একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন। সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

### ৪. দলগত কাজ (কাজ-ঘ)

- ৫/৬ জনের দল গঠন করবেন।
- প্রত্যেক দলকে **'কাজ-ঘ'** দেখতে বলবেন।
- দলে আলোচনা করে **'কাজ-ঘ'** এর ছক একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন। সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু  আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

# ২ প্রবীণদের প্রতি দায়িত্ব ও কর্তব্য

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৫.১ পরিবারের ছোটো ও বড়োদের প্রতি করণীয় বিষয়ে সচেতন হয়ে নিজ ভূমিকা পালন করা।

**সেশন সংখ্যা: ১**

**সেশন-৩২**

**(কাজ ক, খ, গ ও ঘ; পৃষ্ঠা: ৫৪ ও ৫৫)**

**শিখনফল**

৫.১.৩ পরিবারের প্রবীণ সদস্যদের প্রতি শ্রদ্ধা ও ভালোবাসার সাথে দায়িত্ব পালন করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. পাঠ্যপুস্তকের ছবি।
২. কর্মপত্র।
৩. পাঠ্য বইয়ের বাইরে থেকে সংগৃহীত প্রবীণদের প্রতি দায়িত্ব ও কর্তব্য এর ছবি।

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।
২. শিক্ষার্থীদের উদ্দেশ্যে নিম্নরূপ প্রশ্ন করবেন-
   - কাদের বাসায় দাদা-দাদী, নানা-নানী রয়েছেন?
   - কাদের ছোটো ভাই-বোন রয়েছে?
   - তারা অসুস্থ হলে তুমি কী করো?

৩. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠ শিরোনাম **'প্রবীণদের প্রতি দায়িত্ব ও কর্তব্য'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. পর্যবেক্ষণ ও একক কাজ (কাজ-ক)**

- পাঠ্যপুস্তকের ৫৪ পৃষ্ঠায় দেওয়া ছবিটি পর্যবেক্ষণ করে সবাইকে নিজ নিজ খাতায় **'কাজ-ক'** এর

প্রশ্নের উত্তর লিখতে বলবেন।

- কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- তাদের কাজ ঘুরে ঘুরে দেখবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দৈবচয়নের ভিত্তিতে কয়েকজনকে তাদের কাজ পড়ে শুনাতে বলবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**২. জোড়ায় কাজ (কাজ-খ)**

- শিক্ষার্থীদের প্রত্যেককে ৫৪ পৃষ্ঠার অনুচ্ছেদটুকু নীরবে পড়তে বলবেন। পড়ার জন্যে সময় বেঁধে দেবেন।
- পড়া শেষ হলে পাশাপাশি বসা দুজনে মিলে জোড়া তৈরি করবেন।
- জোড়ায় অনুচ্ছেদটুকু আলোচনা করে **'কাজ-খ'** এর ছকটি পূরণ করতে বলবেন।
- কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- প্রয়োজনে কীভাবে পূরণ করতে হবে তা বুঝিয়ে বলবেন।
- ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ মনিটর করবেন। প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দলনেতাকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৩. দলগত কাজ (কাজ-গ)**

- ৫/৬ জনের দল গঠন করবেন।
- প্রত্যেক দলকে **'কাজ-গ'** দেখতে বলবেন।
- দলে আলোচনা করে **'কাজ-গ'** এর ছক একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন। সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৪. দলগত কাজ (কাজ-ঘ)**

- পূর্বের দলেই কাজ করতে বলবেন।
- প্রত্যেক দলকে **'কাজ-ঘ'** দেখতে বলবেন।
- দলে আলোচনা করে **'কাজ-ঘ'** এর ছক একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন। সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

### গ. উপসংহার

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ৫.১ এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৫.১ পরিবারের ছোট ও বড়োদের প্রতি করণীয় বিষয়ে সচেতন হয়ে নিজ ভূমিকা পালন করা। | ০৬.০৩(৫.১).০১ (PI-১২) | পরিবারের ছোট ও বড়দের প্রতি করণীয় বিষয়ে সচেতন হয়ে তা পালন করতে পেরেছে। | পরিবারের ছোট ও বড়দের প্রতি ২/১ টি দায়িত্ব ও কর্তব্য প্রকাশ করতে পেরেছে। | পরিবারের ছোট ও বড়দের প্রতি ৩টি দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে নিজের করণীয় কর্তব্য প্রকাশ করতে পেরেছে। | পরিবারের ছোট ও বড়দের জন্য দায়িত্ব ও কর্তব্যের প্রতি সচেতন হয়ে তা পালন করেছে। |

# ৩ পরিবারের সুরক্ষা

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৫.২ পরিবারের নিরাপত্তা ঝুঁকি সম্পর্কে জেনে প্রয়োজনে প্রযোজ্য সংস্থার সাহায্য গ্রহণ করা।

**সেশন সংখ্যা: ১**

**সেশন-৩৩**

**(কাজ ক, খ, গ ও ঘ; পৃষ্ঠা: ৫৬ ও ৫৭)**

**শিখনফল**

৫.২.১ পরিবারের নিরাপত্তা ঝুঁকি চিহ্নিত করতে পারবে।

৫.২.২ সুরক্ষায় বিভিন্ন সংস্থার ভূমিকা সম্পর্কে বলতে পারবে।

৫.২.৩ সুরক্ষায় বিভিন্ন সেবাদানকারী সংস্থা ও প্রতিবেশীর সাহায্য গ্রহণ করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. পাঠ্যপুস্তকের ছবি।

২. কর্মপত্র।

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পাঠ্যপুস্তকের ছবি প্রদর্শন করে নিম্নরূপ প্রশ্ন করবেন-

- এটি কাদের ছবি?
- ছবিতে কী দেখা যাচ্ছে?
- এখন ছেলেটি বা মেয়েটির কী করা উচিত?
- তুমি এই পরিস্থিতিতে থাকলে কী করতে?

৩. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠ শিরোনাম **'পরিবারের সুরক্ষা'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. পর্যবেক্ষণ ও একক কাজ (কাজ-ক)**

- পাঠ্যপুস্তকের ৫৬ পৃষ্ঠায় দেওয়া ছবিটি পর্যবেক্ষণ করে সবাইকে নিজ নিজ খাতায় বা বইতে **'কাজ-ক'** এর ছকটি পূরণ করতে বলবেন।
- কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- তাদের কাজ ঘুরে ঘুরে দেখবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দৈবচয়নের ভিত্তিতে কয়েকজনকে তাদের কাজ পড়ে শুনাতে বলবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**২. বিষয়বস্তু প্রশ্ন-উত্তর আলোচনা**

- পাঠ্যবইয়ের ৫৬-৫৭ পৃষ্ঠার বিষয়বস্তু নিম্নরূপ প্রশ্ন-উত্তর ব্যবহার করে আলোচনা করবেন-
    - আমাদের পরিবার কী কী ধরনের নিরাপত্তা ঝুঁকির সম্মুখীন হতে পারে?
    - নিরাপত্তা ঝুঁকি থেকে সুরক্ষার জন্যে কী কী সেবা দানকারী প্রতিষ্ঠান রয়েছে?
    - আমাদের বিপদে-আপদে কারা সবার আগে এগিয়ে আসে?
    - বিভিন্ন সংস্থার সেবা সম্পর্কে আমাদের জানা প্রয়োজন কেন?
    - জাতীয় হেল্প লাইন **৯৯৯** থেকে কী কী ধরনের সেবা পাওয়া যায়?
    - কীভাবে বিভিন্ন নিরাপত্তা সংস্থা থেকে নিজেদের সুরক্ষার জন্যে আমরা সেবা পেতে পারি?
- লক্ষ রাখবেন এ আলোচনায় যেন বিষয়বস্তুর সকল দিকগুলো উঠে আসে। শিক্ষার্থীরা যাতে নিরাপত্তা ঝুঁকি সম্পর্কে জেনে প্রয়োজনে প্রযোজ্য সংস্থার সহায়তা নিতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে চেষ্টা করবেন।

**৩. দলগত কাজ (কাজ-খ)**

- শিক্ষার্থীদের প্রত্যেককে ৫৬ ও ৫৭ পৃষ্ঠার অনুচ্ছেদটুকু নীরবে পড়তে বলবেন। পড়ার জন্যে সময় বেঁধে দেবেন।
- ৫/৬ জনের দল গঠন করবেন।
- প্রত্যেক দলকে **'কাজ-খ'** দেখতে বলবেন।
- দলে আলোচনা করে **'কাজ-খ'** এর উপরের ছবি তিনটি পর্যবেক্ষণ করে **'কাজ-খ'** এর ছকটি পূরণ করতে বলবেন।
- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৪. দলগত কাজ (কাজ-গ)**

- পূর্বের দলেই কাজ করতে বলবেন।
- প্রত্যেক দলকে **'কাজ-গ'** দেখতে বলবেন।

- দলে আলোচনা করে 'কাজ-গ' এর ছক একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন। সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৫. ভূমিকাভিনয় (কাজ-ঘ)**

ভূমিকাভিনয়ের জন্যে যা যা প্রয়োজন-

- বিছানার চাদর
- বালিশ
- মোবাইল/ডামি

**ভূমিকাভিনয়ের জন্যে স্ক্রিপ্ট:**

**চরিত্র: ইহান, ইহান এর মা ও প্রতিবেশী**

(মা খাটে শুয়ে আছে।)

**মা:** ইহান।

**ইহান:** জি, মা?

**মা:** আমাকে একটু পানি খেতে দেবে?

**ইহান:** দিচ্ছি, মা।

(এসে দেখবে মা ঘুমিয়ে পড়েছে।)

**ইহান:** মা, মা! পানি এনিছি। পানি খাও।

(মার চোখ বন্ধ। মা শুয়ে আছে)

**ইহান:** মা, মা! ঘুম থেকে উঠ। এই দেখ পানি এনেছি।

(ইহান এই অবস্থায় দ্রুত পাশের বাসায় যাবে ও দরজা ধাক্কা/কলিং বেল দেবে। কিছুক্ষণের মধ্যে দরজা খুলে যাবে।)

**প্রতিবেশী:** ইহান, কেমন আছো? তোমাকে এমন চিন্তিত দেখাচ্ছে কেন?

**ইহান:** চাচী, মা বিছানায় শুয়ে ছিল। আমার কাছে পানি চাইল। পানি এনে দেখি মা ঘুমিয়ে গেছে।

**প্রতিবেশী:** চলতো।

(ইহান তার প্রতিবেশীকে নিয়ে বাসায় আসবে)

**প্রতিবেশী:** ভাবী। ভাবীইইই।

**ইহান:** আমিও অনেক ডেকেছি। মাতো ঘুম থেকে উঠছেন না।

(প্রতিবেশী মোবাইল থেকে ৯৯৯ কল দেবে)

**প্রতিবেশী:** হ্যালো। ৯৯৯? আমার প্রতিবেশী ভাবী অজ্ঞান হয়ে গেছেন। আপনারা দ্রুত এম্বুলেন্স পাঠান।

**প্রতিবেশী:** ঠিকানা? [এলাকা অনুযায়ী একটি ঠিকানা দিন]

- শিক্ষার্থীদেরকে ভূমিকাভিনয় এর ৩টি চরিত্র এর সংলাপ বুঝিয়ে দিন।
- ভূমিকাভিনয়ের এর জন্যে ৩জন শিক্ষার্থীকে নির্বাচন করবেন।
- শিক্ষার্থীদেরকে ভূমিকাভিনয় এর স্ক্রিপ্ট অনুযায়ী চরিত্র এর সংলাপ প্রস্তুতি গ্রহণ করাবেন।
- বাকি সকল শিক্ষার্থীদের ভূমিকাভিনয় পর্যবেক্ষণ করতে বলবেন।
- ভূমিকাভিনয় শেষে শিক্ষার্থীদের কাছ নিম্নরূপ প্রশ্ন করবেন-
    - ভূমিকাভিনয়টি কেমন লেগেছে?
    - কে অসুস্থ হয়েছিল?
    - কার কাছে সাহায্যের জন্যে গেল?
    - প্রতিবেশী কীভাবে সাহায্য করল?
- সবশেষে জাতীয় হেল্প ডেস্ক ৯৯৯ থেকে প্রাপ্ত সেবার বিষয়টি প্রয়োজনে শিক্ষার্থীদের সামনে তুলে ধরবেন।
- ভূমিকাভিনয় উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

সারসংক্ষেপ: উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

পাঠসমাপ্তি: শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা **৫.২** এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৫.২ পরিবারের নিরাপত্তা ঝুঁকি সম্পর্কে জেনে প্রয়োজনে প্রযোজ্য সংস্থার সাহায্য গ্রহণ করা। | ০৬.০৩(৫.২).০১ (PI-১৩) | নিজের নিরাপত্তার ঝুঁকি চিহ্নিত করে নিজের সুরক্ষায় বিভিন্ন সেবা দানকারী সংস্থা ও প্রতিবেশীর সাহায্য গ্রহণ করতে পেরেছে। | পরিবারের নিরাপত্তার ঝুঁকি চিহ্নিত করে প্রকাশ করতে পেরেছে। | পরিবারের নিরাপত্তার ঝুঁকি চিহ্নিত করে প্রতিবেশীর সাহায্য গ্রহণের প্রক্রিয়া প্রকাশ করতে পেরেছে। | পরিবারের সুরক্ষায় বিভিন্ন সেবা দানকারী সংস্থার সাথে যোগাযোগের প্রক্রিয়া প্রকাশ করতে পেরেছে। |

২০২৪

# ৪ পরিচ্ছন্নতা রক্ষায় আমি

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৫.৩ নিকট পরিবেশ ও বিদ্যালয়ের পরিচ্ছন্নতা রক্ষায় সচেতন হয়ে নিজ ভূমিকা পালন করা।

**সেশন সংখ্যা: ২**

**সেশন-৩৪**

**(কাজ ক, খ ও গ; পৃষ্ঠা: ৫৮ ও ৫৯)**

**শিখনফল**

৫.৩.১ নিকট পরিবেশ ও বিদ্যালয়ের পরিচ্ছন্নতা রক্ষায় নিজ করণীয় বর্ণনা করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. মেঝেতে পড়ে থাকা একটি আবর্জনার ছবি
২. একটি ময়লার ঝুড়ির ছবি
৩. পাঠ্যপুস্তকের ছবি
৪. কর্মপত্র

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. শিক্ষার্থীদের মেঝেতে পড়ে থাকা একটি ময়লার ছবি ও একটি ময়লার ঝুড়ির ছবি দেখিয়ে তাদের উদ্দেশ্যে নিম্নরূপ প্রশ্ন করবেন-

- মেঝেতে কী পড়ে আছে?
- দেখতে কেমন লাগছে?
- তোমারা চকলেট বা অন্য কিছু খেলে মোড়কটি/প্যাকেটটি কোথায় ফেলবে?

৩. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠ শিরোনাম **'পরিচ্ছন্নতা রক্ষায় আমি'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. পর্যবেক্ষণ ও একক কাজ (কাজ-ক)**

- পাঠ্যপুস্তকের ৫৮ পৃষ্ঠায় দেওয়া ছবি দুইটি পর্যবেক্ষণ করে সবাইকে নিজ নিজ খাতায় **'কাজ-ক'** এর প্রশ্নের উত্তর লিখতে বলবেন।
- কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- তাদের কাজ ঘুরে ঘুরে দেখবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দৈবচয়নের ভিত্তিতে কয়েকজনকে তাদের কাজ পড়ে শুনাতে বলবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**২. বিষয়বস্তু প্রশ্ন-উত্তর আলোচনা**

- পাঠ্যবইয়ের ৫৮-৫৯ পৃষ্ঠার বিষয়বস্তু নিম্নরূপ প্রশ্ন-উত্তর ব্যবহার করে আলোচনা করবেন-
    - পরিষ্কার পরিচ্ছন্ন পরিবেশ কেন স্বাস্থ্যকর?
    - আমাদের নিকট পরিবেশ ও বিদ্যালয়ের পরিবেশ কেন পরিচ্ছন্ন রাখা প্রয়োজন?
    - আমরা কীভাবে আমাদের নিকট পরিবেশ পরিচ্ছন্ন রাখতে পারি?
    - আবর্জনা আমাদের বিদ্যালয়ে বা নিকট পরিবেশে পড়ে থাকতে দেখলে আমরা কি করবো?
    - আমাদের নিকট পরিবেশ ও বিদ্যালয়ের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে আমরা নিজেরা কী করতে পারি?
    - পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে অন্যদের সচেতন করা কেন প্রয়োজন?

- লক্ষ রাখবেন এ আলোচনায় যেন বিষয়বস্তুর সকল দিকগুলো উঠে আসে। নিকট পরিবেশ ও বিদ্যালয়ের পরিচ্ছন্নতা রক্ষায় নিজ করণীয় কাজের উদাহরণ নিয়ে আসতে শিক্ষার্থীদের উত্তর দেওয়ার যথেষ্ট সুযোগ দেবেন।

**৩. জোড়ায় কাজ (কাজ-খ)**

- শিক্ষার্থীদের প্রত্যেককে ৫৮ ও ৫৯ পৃষ্ঠার অনুচ্ছেদটুকু নীরবে পড়তে বলবেন। পড়ার জন্যে সময় বেঁধে দেবেন।
- পড়া শেষ হলে পাশাপাশি বসা দুজনে মিলে জোড়া তৈরি করবেন।
- জোড়ায় অনুচ্ছেদটুকু আলোচনা করে **'কাজ-খ'** এর ছকটি পূরণ করতে বলবেন।
- কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ মনিটর করবেন। প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দলনেতাকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৪. দলগত কাজ (কাজ-গ)**

- ৫/৬ জনের দল গঠন করবেন।

- প্রত্যেক দলকে **'কাজ-গ'** দেখতে বলবেন।
- দলে আলোচনা করে **'কাজ-গ'** এর ছক একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন। সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন-৩৫

**(কাজ ঘ; পৃষ্ঠা: ৫৯)**

### শিখনফল

৫.৩.২ নিকট পরিবেশ ও বিদ্যালয়ের পরিচ্ছন্নতা রক্ষায় নিজে অংশগ্রহণ করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

১. পরিষ্কার-পরিচ্ছন্ন বিদ্যালয় এর একটি ছবি

২. অপরিচ্ছন্ন বিদ্যালয় এর একটি ছবি

৩. পরিষ্কার-পরিচ্ছন্ন করার সমগ্রী (ঝাড়ু, ঝুড়ি)

৪. মাস্ক

৫. সাবান বা লিকুইড সোপ

### শিখন-শেখানো কার্যাবলি

### ক. ভূমিকা

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. শিক্ষার্থীদের ছবি দুইটি দেখিয়ে তাদের উদ্দেশ্যে নিম্নরূপ প্রশ্ন করবেন-

- ○ কোন ছবিটি সুন্দর লাগছে?
- ○ তোমাদের বিদ্যালয় তোমরা কেমন চাও?
- ○ স্কুল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে আমরা কী করবো?

৩. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের ব্যবহারিক কাজের শিরোনাম **'বিদ্যালয় পরিচ্ছন্নতা অভিযান'** ঘোষণা করবেন ও পোস্টারে লিখে দৃশ্যমান স্থানে লাগিয়ে দেবেন।

### খ. মূলপাঠ

১. কাজের প্রস্তুতি

- শিক্ষার্থীদের মধ্যে কারা কারা তাদের বাসায় মা-বাবাকে বাসার পরিষ্কার-পরিচ্ছন্নতায় সাহায্য করে সেটি জানতে চান।
- পরিষ্কার-পরিচ্ছন্ন কাজে অভিজ্ঞ ও অনভিজ্ঞ শিক্ষার্থীদের সমন্বয়ে দল গঠন করবেন
- কাজের সময় সাবধানে কাজ করতে নির্দেশনা দিন।
- কাজের সময় সবাইকে মাস্ক পরিধান করতে বলবেন।
- ক্লাসের শিক্ষার্থীর সংখ্যা অনুসারে বিদ্যালয় এর কতটুকু অংশ পরিচ্ছন্ন করবেন তার সিদ্ধান্ত নিন।

এবার বিদ্যালয় এর কোন এলাকা বা নিজ ক্লাসের কোন অংশ কোন দল পরিচ্ছন্ন করবে তা নির্ধারণ করবেন।

- প্রয়োজনে এলাকা বা অংশ নির্ধারণের কাজটি আগেই করে রাখতে পারেন।
- পরিচ্ছন্নতা অভিযান এর সময় বেঁধে দেবেন

২. পরিষ্কার-পরিচ্ছন্ন করা

- শিক্ষার্থীদের প্রতিটি দলকে তাদের জন্যে নির্ধারিত এলাকা বা অংশ পরিচ্ছন্ন করতে নেমে পড়তে বলবেন।
- ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ মনিটর করবেন। প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

৩. সমাপনী

- কাজ শেষে সবাইকে ভালভাবে সকলের হাত সাবান বা লিকুইড সোপ দিয়ে ধুয়ে ফেলতে বলবেন।
- এবার শিক্ষার্থীদেরকে সবাইকে একসাথে শ্রেণিতে নিয়ে হাততালির মাধ্যমে তাদের কাজের জন্যে ধন্যবাদ দিন।
- শিক্ষার্থীদেরকে প্রশ্ন করবেন
    - পরিচ্ছন্ন বিদ্যালয়/ক্লাসরুম দেখে তোমাদের কেমন লাগছে?
    - বিদ্যালয় পরিষ্কার করার সময় তোমাদের কেমন লেগেছে?
- কয়েকজনের উত্তর শুনুন
- প্রশ্নোত্তর শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

গ. উপসংহার

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা **৫.৩** এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৫.৩ নিকট পরিবেশ ও বিদ্যালয়ের পরিচ্ছন্নতা রক্ষায় সচেতন হয়ে নিজ ভূমিকা পালন করা। | ০৬.০৩(৫.৩).০১ (PI-১৪) | নিকট পরিবেশ ও বিদ্যালয়ের পরিচ্ছন্নতা রক্ষায় নিজ করণীয় প্রকাশ করতে পেরেছে। | বিদ্যালয়ের পরিচ্ছন্নতা রক্ষায় নিজ করণীয় সম্পর্কে প্রকাশ করতে পেরেছে। | নিকট পরিবেশ ও বিদ্যালয়ের পরিচ্ছন্নতা রক্ষায় নিজ করণীয় সম্পর্কে প্রকাশ করতে পেরেছে। | নিকট পরিবেশ ও বিদ্যালয়ের পরিচ্ছন্নতা রক্ষায় অংশগ্রহণ করতে পেরেছে। |

# অধ্যায় : ৮
# শিশু অধিকার ও নিরাপত্তা

## ১ শিশু অধিকার

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৫.৪ শিশুর অধিকার সম্পর্কে সচেতন হয়ে তা অর্জন করতে পারা।

**সেশন সংখ্যা: ১**

**সেশন-৩৬**

**(কাজ ক, খ ও গ; পৃষ্ঠা: ৬০-৬২)**

**শিখনফল**

৫.৪.১ শিশুর অধিকারসমূহ বর্ণনা করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. কয়েকজন শিশু খেলাধুলা করছে এমন ছবি (সংগৃহীত)
২. মা অসুস্থ শিশুর যত্ন নিচ্ছেন এমন ছবি (সংগৃহীত)
৩. রাজু আর মিনার প্লেটে ১টি করে ডিম এমন ছবি (সংগৃহীত)

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. ছবি দেখিয়ে শিক্ষার্থীদের উদ্দেশ্যে নিম্নরূপ প্রশ্ন করবেন-

- ছবিগুলো কীসের বা কী সম্পর্কিত?
- ছবিতে কী দেখা যাচ্ছে?
- শিশুরা কেন খেলাধূলা করতে পারছে?
- মার কাছ থেকে শিশুটি কোন অধিকার পাচ্ছে?
- রাজু ও মিনা কী কোনো অধিকার ভোগ করছে?

৩. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠ শিরোনাম **‘শিশু অধিকার’** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. দলগত কাজ (কাজ-ক)**

- শিক্ষার্থীদের প্রত্যেককে ৬০ পৃষ্ঠার মাইন্ড ম্যাপ নীরবে পড়তে বলবেন। পড়ার জন্যে সময় বেঁধে দেবেন।
- ৫/৬ জনের দল গঠন করবেন।
- প্রত্যেক দলকে **'কাজ-ক'** দেখতে বলবেন।
- দলে আলোচনা করে **'কাজ-ক'** এর ছক একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন। সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**২. বিষয়বস্তু প্রশ্ন-উত্তর আলোচনা**

- পাঠ্যবইয়ের ৬১ পৃষ্ঠার বিষয়বস্তু নিম্নরূপ প্রশ্ন-উত্তর ব্যবহার করে আলোচনা করবেন-
    - শিশুদের কয়েকটি প্রধান অধিকারের সম্পর্কে বল।
    - শিশুদের অধিকার পূরণ হওয়া কেন প্রয়োজন?
- লক্ষ রাখবেন এ আলোচনায় যেন বিষয়বস্তুর সকল দিকগুলো উঠে আসে। শিক্ষার্থীরা নিজের অধিকার সম্পর্কে জানে কি না সেটা যাচাই করে তাদের অধিকার এর বিষয়ে সচেতন করে তুলতে চেষ্টা করবেন।

**৩. জোড়ায় কাজ (কাজ-খ)**

- শিক্ষার্থীদের প্রত্যেককে ৬১ পৃষ্ঠার অনুচ্ছেদটুকু নীরবে পড়তে বলবেন। পড়ার জন্যে সময় বেঁধে দেবেন।
- পড়া শেষ হলে পাশাপাশিবসা দুজনে মিলে জোড়া তৈরি করবেন।
- জোড়ায় অনুচ্ছেদটুকু পড়ে আলোচনা করে **'কাজ-খ'** এর ছকটি পূরণ করতে বলবেন।
- কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ মনিটর করবেন। প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দলনেতাকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৪. দলগত কাজ (কাজ-গ)**

- ৫/৬ জনের দল গঠন করবেন।
- প্রত্যেক দলকে **'কাজ-গ'** দেখতে বলবেন।
- দলে আলোচনা করে **'কাজ-গ'** এর ছক একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন। সময় নির্দিষ্ট

করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।

- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

# ২ শিশু অধিকার অর্জনে ব্যক্তি ও সংস্থা

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৫.৪ শিশুর অধিকার সম্পর্কে সচেতন হয়ে তা অর্জন করতে পারা।

**সেশন সংখ্যা: ২**

**সেশন-৩৭**

**(কাজ ক, খ ও গ; পৃষ্ঠা: ৬৩-৬৫)**

**শিখনফল**

৫.৪.১ শিশুর অধিকারসমূহ বর্ণনা করতে পারবে।

৫.৪.২ শিশুর অধিকার অর্জনে ব্যক্তি ও সংস্থার ভূমিকা চিহ্নিত করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. পাঠ্যপুস্তকের ছবি
২. পাঠ্যপুস্তকের বাইরের কিছু সংগৃহীত ছবি
৩. কর্মপত্র

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পাঠ্যপুস্তকের ছবি/পাঠ্যপুস্তকের বাইরের কিছু সংগৃহীত ছবি প্রদর্শন করে নিম্নরূপ প্রশ্ন করবেন-

- ছবিগুলো কীসের বা কী সম্পর্কিত?
- ছবিতে কী দেখা যাচ্ছে?

৩. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠ শিরোনাম **'শিশু অধিকার অর্জনে ব্যক্তি ও সংস্থা'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. পর্যবেক্ষণ ও দলগত কাজ (কাজ-ক)**

- ৫/৬ জনের দল গঠন করবেন।
- শিক্ষার্থীদের প্রত্যেককে পাঠ্যপুস্তকের ৬৪ পৃষ্ঠার ছবি-১, ২, ৩ ও ৪ পর্যবেক্ষণ করতে বলবেন।

- প্রত্যেক দলকে **‘কাজ-ক’** দেখতে বলবেন।
- দলে আলোচনা করে **‘কাজ-ক’** এর ছকটি একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন। সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**২. দলগত কাজ (কাজ-খ)**

- পূর্বের দলেই কাজ করতে বলবেন।
- **শিক্ষার্থীদের প্রত্যেককে ৬৪ পৃষ্ঠার অনুচ্ছেদটুকু নীরবে পড়তে বলবেন। পড়ার জন্যে সময় বেঁধে দেবেন।**
- প্রত্যেক দলকে **‘কাজ-খ’** দেখতে বলবেন।
- দলে আলোচনা করে **‘কাজ-খ’ এর ছকটি** একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন। সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৩. বিষয়বস্তু প্রশ্ন-উত্তর আলোচনা**

- পাঠ্যবইয়ের ৬৫ পৃষ্ঠার বিষয়বস্তু নিম্নরূপ প্রশ্ন-উত্তর ব্যবহার করে আলোচনা করবেন-
  - শিশুর অধিকার পূরণের দায়িত্ব কারা পালন করে থাকেন?
  - শিশুর কোন কোন অধিকার অর্জনে মা-বাবা ও পরিবারের সদস্যদের ভূমিকা রয়েছে?
  - শিশুর অধিকার অর্জনে কোন কোন সংস্থা কাজ করে থাকে?
  - বাংলাদেশে শিশু দিবস কত তারিখে পালন করা হয়?
  - বিশ্বের সকল দেশে কবে শিশু দিবস পালন করা হয়?
- লক্ষ রাখবেন এ আলোচনায় যেন বিষয়বস্তুর সকল দিকগুলো উঠে আসে। শিশুর অধিকার অর্জনে নিয়োজিত সংস্থার বিভিন্ন কাজের উদাহরণ দেবেন।

**৪. দলগত কাজ (কাজ-গ)**

- ৫/৬ জনের দল গঠন করবেন।
- **শিক্ষার্থীদের প্রত্যেককে ৬৬ পৃষ্ঠার বক্তব্য নীরবে পড়তে বলবেন। পড়ার জন্যে সময় বেঁধে দেবেন।**
- প্রত্যেক দলকে **‘কাজ-গ’** দেখতে বলবেন।
- দলে আলোচনা করে **‘কাজ-গ’** এর ছকটি একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন। সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন-৩৮

**(কাজ ঘ; পৃষ্ঠা: ৬৬)**

### শিখনফল

৫.৪.৩ শিশুর অধিকার অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

১. কর্মপত্র

### শিখন-শেখানো কার্যাবলি

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পূর্ব পাঠের বিষয়বস্তুর আলোকে প্রশ্ন করে শিক্ষার্থীদের পাঠে মনোযোগ আকর্ষণ করবেন। যেমন-

- শিশু অধিকার অর্জনে কোন কোন সংস্থা কাজ/সাহায্য করে?
- মা-বাবা আমাদের কোন কোন অধিকার অর্জনে সাহায্য করে?

৩. প্রশ্ন-উত্তরের সূত্র ধরে আজকের পাঠ যে **'কাজ-গ'** তা ঘোষণা করবেন।

**খ. মূলপাঠ**

**১. দলগত কাজ (ভূমিকাভিনয়) (কাজ-ঘ)**

ভূমিকাভিনয়ের জন্যে যা যা প্রয়োজন-

- টেবিল
- চেয়ার
- বিভিন্ন চরিত্রের জন্যে শিক্ষার্থী

**ভূমিকাভিনয়ের জন্যে স্ক্রিপ্ট-১:**

**চরিত্র: ইহান, অভি ও অভির বাবা**

(ইহান স্কুলে যায়। কিন্তু তার খেলার সাথী অভি স্কুলে যায় না। ইহান অভির বাড়িতে গিয়ে অভির বাবাকে অভিকে স্কুলে যেতে দেওয়ার কথা বলবে।)

**ইহান:** চাচা, আমি ইহান। অভির বন্ধু।

**অভির বাবা:** হ্যাঁ, ইহান, কেমন আছো?

**ইহান:** ভালো আছি। অভি কেমন আছে?

**অভির বাবা:** অভি ভালো আছে।

**ইহান:** অভিতো স্কুলে যায় না।

**অভির বাবা:** সে বাসায় কাজ করে।

**ইহান:** চাচা, আমাদের ম্যাডাম বলেছেন সব শিশুর শিক্ষা লাভের অধিকার আছে। স্কুলে গেলে অভি অনেক কিছু শিখতে পারবে।

**অভির বাবা:** ওর লেখাপড়ার প্রয়োজন নাই।

**ইহান:** অভি লেখাপড়া শিখে অনেক বড় হতে পারে।

**অভির বাবা:** (কিছুক্ষণ ভেবে) ঠিক আছে, আমি অভিকে স্কুলে যেতে দেব। আগামীকাল থেকে আমি অভিকে স্কুলে পাঠাবো।

**ভূমিকাভিনয়ের জন্যে স্ক্রিপ্ট-২:**

**চরিত্র: ইহান, নুসাফা, অভি, নাজিফা ও ম্যাডাম**

(ইহান ও নুসাফা রাস্তা দিয়ে হাঁটছে। হঠাৎ একজন অপরিচিত লোক তাদের সামনে এসে দাঁড়ায়।)

**অপরিচিত লোক:** এই, তোমরা কোথায় যাচ্ছো?

**ইহান:** বাড়ি যাচ্ছি।

**অপরিচিত লোক:** ধরো। তোমাদের জন্য আমি এই চকলেট এনেছি।

(অপরিচিত লোকটি চকলেট প্যাকেট থেকে একটি চকলেট বের করে ইহানের দিকে এগিয়ে দেয়। দূর থেকে অভি ও নাজিফা দূর থেকে এটি দেখতে পায়। তার দ্রুত তাদের ক্লাসের ম্যাডামের কাছে যায়)

**অভি:** ম্যাডাম, একজন অপরিচিত লোক ইহান আর নুসাফাকে কি যেন দিচ্ছে। কিন্তু, ওরা নিচে চাচ্ছে না। ওরা ভয়ও পাচ্ছে মনে হয়

**ম্যাডাম:** চলো তো। দেখি কি হয়েছে।

(ম্যাডাম, অভি, নাজিফা দ্রুত আসতে থাকে। আর তাদের দেখে অপরিচিত লোকটি দৌড়ে পালিয়ে যায়।)

**ম্যাডাম:** ঐ লোকটি কিছু করেছে তোমাদের?

**নুসাফা:** না, ম্যাডাম। আমরা আপনার কথামতো অপরিচিত কোন লোকের কাছ থেকে কিছু নেই না।

২০২৪

**ম্যাডাম:** খুব ভাল। অভি ও নাজিফাও আমাকে বলেছে তাই আমারা দ্রুত তোমাদের নিরাপত্তা দিতে চলে এসেছি।

**ভূমিকাভিনয়ের জন্য স্ক্রিপ্ট-৩:**

**চরিত্র: প্রধান শিক্ষক, অভি, রাজু, রিদিশা ও নাজিফা**

(প্রধান শিক্ষক চেয়ারে বসে কাজ করছেন। এ সময় কয়েকজন শিক্ষার্থী এসে তার রুমে প্রবেশের অনুমতি চাইবে।)

**প্রধান শিক্ষক:** (অফিসে বসে কাজ করছেন)

**অভি:** স্যার, আমরা কি আসতে পারি?

**প্রধান শিক্ষক:** জি, আসো।

**অভি:** স্যার, আসসালামু আলাইকুম/ আদাব।

**রাজু:** স্যার, আমরা কিছু বলতে চাই।

**প্রধান শিক্ষক:** (সবার দিকে তাকিয়ে) বলো, কী কথা?

**রিদিশা:** স্যার, আমাদের স্কুলে খেলাধুলার সামগ্রী নেই। ফলে আমরা খেলাধুলা করতে পারছি না।

**নাজিফা:** খেলাধুলা আমাদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি আমাদের স্বাস্থ্য, দক্ষতা, শক্তি ও মনোবল বৃদ্ধিতে সহায়তা করে।

**অভি:** এছাড়াও, খেলাধুলা আমাদের মধ্যে সহযোগিতা, নেতৃত্ব ও প্রতিযোগিতামূলক মনোভাব গড়ে তোলে।

**প্রধান শিক্ষক:** (সবার কথা শুনে) আমি বুঝতে পারছি। খেলাধুলা আমাদের স্কুলের জন্যও একটি গুরুত্বপূর্ণ বিষয়।

**রিদিশা:** তাই আমরা আপনাকে অনুরোধ করছি, টিফিন পিরিয়ডে খেলার জন্য কিছু খেলাধুলার সামগ্রীর ব্যবস্থা করবেন স্যার।

**প্রধান শিক্ষক:** (সবার কথা শুনে) আমি তোমাদের আবেদনটি বিবেচনা করবো।

**রাজু:** (খুশি হয়ে) ধন্যবাদ, স্যার।

**প্রধান শিক্ষক:** (সকলের উদ্দেশ্যে) তোমরা স্কুলের পক্ষ থেকে একটি তালিকা তৈরি করে আমাকে দাও। আমি যত তাড়াতাড়ি সম্ভব খেলাধুলার সামগ্রী ক্রয়ের ব্যবস্থা করবো।

**রাজু:** (প্রধান শিক্ষকের কথা শুনে) ঠিক আছে, স্যার। আমরা তালিকা তৈরি করে আপনাকে দেবো। তাহলে স্যার আজকে আমরা আসি।

**প্রধান শিক্ষক:** (সকলের উদ্দেশ্যে) আচ্ছা, তোমরা ক্লাসে যাও।

(প্রধান শিক্ষক অফিসে বসে কাজ চালিয়ে যান)

তিনটি ভূমিকাভিনয় এর জন্যে ১২জন শিক্ষার্থীকে নির্বাচন করবেন।

- শিক্ষার্থীদেরকে ভূমিকাভিনয় এর স্ক্রিপ্ট অনুযায়ী চরিত্র এর সংলাপের জন্যে প্রস্তুতি গ্রহণ করাবেন।
- প্রথমে স্ক্রিপ্ট-১ এর ভূমিকাভিনয় আয়োজন করবেন। বাকি সকল শিক্ষার্থীদের ভূমিকাভিনয় পর্যবেক্ষণ করতে বলবেন।
- ভূমিকাভিনয় শেষে শিক্ষার্থীদের কাছ নিম্নরূপ প্রশ্ন করবেন-
    - ○ ভূমিকাভিনয়টি কেমন লেগেছে?
    - ○ এখানে কোন অধিকার এর কথা বলা হয়েছে?
    - ○ এ অধিকার অর্জনে কে সহযোগিতা করল?
- এবার স্ক্রিপ্ট-২ এর ভূমিকাভিনয় করতে বলবেন। বাকি সকল শিক্ষার্থীদের ভূমিকাভিনয় পর্যবেক্ষণ করতে বলবেন।
- ভূমিকাভিনয় শেষে শিক্ষার্থীদের কাছে নিম্নরূপ প্রশ্ন করবেন-
    - ○ ভূমিকাভিনয়টি কেমন লেগেছে?
    - ○ এখানে কোন অধিকার এর কথা বলা হয়েছে?
    - ○ এ অধিকার অর্জনে কে সহযোগিতা করল?
- এবার স্ক্রিপ্ট-৩ এর ভূমিকাভিনয় করতে বলবেন। বাকি সকল শিক্ষার্থীদের ভূমিকাভিনয় পর্যবেক্ষণ করতে বলবেন।
- ভূমিকাভিনয় শেষে শিক্ষার্থীদের কাছ নিম্নরূপ প্রশ্ন করবেন-
    - ○ ভূমিকাভিনয়টি কেমন লেগেছে?
    - ○ এখানে কোন অধিকার এর কথা বলা হয়েছে?
    - ○ এ অধিকার অর্জনে কে সহযোগিতা করল?
- ভূমিকাভিনয় উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

### গ. উপসংহার

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ৫.৪ এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৫.৪শিশুর অধিকার সম্পর্কে সচেতন হয়ে তা অর্জন করতে পারা। | ০৬.০৩(৫.৪).০১ (PI-১৫) | শিশু অধিকার সম্পর্কে জেনে তা অর্জনে পদক্ষেপ গ্রহণ করতে পেরেছে। | শিশু অধিকারসমূহ প্রকাশ করতে পেরেছে। | শিশু বাড়িতে ও বিদ্যালয়ে যেসব অধিকার ভোগ করে তা প্রকাশ করতে পেরেছে। | শিশু তার অধিকার সম্পর্কে সচেতন হয়ে অধিকার অর্জনের উপায় প্রকাশ করতে পেরেছে। |
| | ০৬.০৩(৫.৪).০২ (PI-১৬) | শিশুর অধিকার অর্জনে পরিবার ও বিভিন্ন সংস্থার ভূমিকা চিহ্নিত করতে পেরেছে। | শিশু অধিকার অর্জনে মা-বাবার করণীয় প্রকাশ করতে পেরেছে। | শিশু অধিকার অর্জনে পরিবার ও বিভিন্ন সংস্থার করণীয় প্রকাশ করতে পেরেছে। | শিশু অধিকার অর্জনে বাবা-মা ও অন্যান্য সংস্থার সহযোগিতা পাওয়ার উপায় করণীয় প্রকাশ করতে পেরেছে। |

২০২৪

# ৩ এসো নিরাপদে পথ চলি

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৫.৫ সড়কে চলাচলের নিয়ম মেনে নিরাপদে চলাচল করা।

**সেশন সংখ্যা: ১**

**সেশন-৩৯**

**(কাজ ক, খ, গ ও ঘ; পৃষ্ঠা: ৬৭-৬৯)**

**শিখনফল**

৫.৫.১ সড়ক চলাচলে নিয়ম অনুসরণের প্রয়োজনীয়তা বর্ণনা করতে পারবে।

৫.৫.২ নিয়ম মেনে নিরাপদে সড়কে চলাচল করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. পাঠ্যপুস্তকের ছবি

২. কর্মপত্র

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পাঠ্যপুস্তকের ছবি প্রদর্শন করে শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রশ্ন করবেন-

- এটি কোথাকার ছবি?
- ছবিতে কী দেখা যাচ্ছে?
- তোমরা কেউ কী এমন অবস্থা বাস্তবে দেখেছো?
- তুমি এই অবস্থায় রাস্তা পার হতে কী করতে?

৩. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠ শিরোনাম **'এসো নিরাপদে পথ চলি'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. পর্যবেক্ষণ ও একক কাজ (কাজ-ক)**

- পাঠ্যপুস্তকের ৬৭ পৃষ্ঠার ছবিটি পর্যবেক্ষণ করে সবাইকে নিজ নিজ খাতায় বা বইতে প্রশ্নের উত্তর লিখতে বলবেন।

- সময় নির্দিষ্ট করে দেবেন।
- তাদের কাজ ঘুরে ঘুরে দেখবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দৈবচয়নের ভিত্তিতে কয়েকজনকে তাদের কাজ পড়ে শুনাতে বলবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**২. জোড়ায় কাজ (কাজ-খ)**

- শিক্ষার্থীদের প্রত্যেককে ৬৭ ও ৬৮ পৃষ্ঠার অনুচ্ছেদটুকু নীরবে পড়তে বলবেন। পড়ার জন্যে সময় বেঁধে দেবেন।
- পড়া শেষ হলে পাশাপাশি বসা দুজনে মিলে জোড়া তৈরি করবেন। এখন জোড়ায় নিচের প্রশ্নের উত্তর লিখতে বলবেন।
    - আমরা রাস্তা পারাপার এর সময় কাদের সাহায্য নিবো?
    - কোন কোন ক্ষেত্রে সড়ক চলাচলের নিয়ম অনুসরণ করতে আমাদের লক্ষ রাখতে হবে?
    - রাস্তা পারাপার হওয়ার সময় কোন বিষয়টি প্রথমেই খুঁজে দেখবো?
- উত্তর লেখা শেষে জোড়ায় আলোচনা করে **'কাজ-খ'** সম্পন্ন করতে বলবেন।
- কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ মনিটর করবেন। প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দলনেতাকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৩. দলগত কাজ (কাজ-গ)**

- ৫/৬ জনের দল গঠন করবেন।
- পাঠ্যপুস্তকের ৬৯ পৃষ্ঠায় **'কাজ-গ'** এর উপরে দেওয়া ছবি দুইটি পর্যবেক্ষণ করতে বলবেন।
- দলে আলোচনা করে **'কাজ-গ'** এর উত্তর একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন। সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**৪. দলগত কাজ (কাজ-ঘ)**

- পূর্বের দলেই কাজ করতে বলবেন।
- পাঠ্যপুস্তকের ৬৯ পৃষ্ঠায় **'কাজ-ঘ'** এর উপরে দেওয়া ছবি দুইটি পর্যবেক্ষণ করতে বলবেন।
- দলে আলোচনা করে **'কাজ-ঘ'** এর উত্তর একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন। সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা **৫.৫** এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৫.৫ সড়কে চলাচলের নিয়ম মেনে নিরাপদে চলাচল করা। | ০৬.০৩(৫.৫).০১ (PI-১৭) | সড়কে চলাচলের নিয়ম মেনে নিরাপদে সড়কে চলাচল করতে পেরেছে। | নিয়ম মেনে নিরাপদে সড়কে চলাচলের করণীয় প্রকাশ করতে পেরেছে। | নিরাপদে সড়কে চলাচলের গুরুত্ব প্রকাশ করতে পেরেছে। | নিজে সর্বদা নিয়ম মেনে সড়কে চলাচল করতে পেরেছে। |

# অধ্যায় : ৯
# নৈতিক ও মানবিক গুণ

## ১ ন্যায় ও অন্যায় কাজ

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৬.১ ন্যায়-অন্যায়ের বিচারবোধ অর্জনের মাধ্যমে ব্যক্তি জীবনে ন্যায়সঙ্গত কাজ করা।

**সেশন সংখ্যা: ২**

**সেশন-৪০**

**(কাজ ক, খ, গ ও ঘ; পৃষ্ঠা: ৭০-৭২)**

**শিখনফল**

৬.১.১ ন্যায়-অন্যায় কাজের পার্থক্য করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. পাঠ্যপুস্তকের ছবি
২. ন্যায় ও অন্যায় কাজের ছবি (সংগৃহীত)
৩. কর্মপত্র

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পাঠ্যপুস্তকের ছবি দুইটি প্রদর্শন করে শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রশ্ন করবেন-

- ছবিতে কী দেখা যাচ্ছে?
- তোমরা কেউ কী এমন অবস্থায় পড়েছ?
- তুমি এই অবস্থায় পড়লে কী করতে?
- কোন কাজটি তুমি পছন্দ করো?

৩. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠ শিরোনাম **'ন্যায় ও অন্যায় কাজ'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

## খ. মূলপাঠ

### ১. পর্যবেক্ষণ ও একক কাজ (কাজ-ক)

- পাঠ্যপুস্তকের ৭০ পৃষ্ঠায় দেওয়া ছবি দুইটি পর্যবেক্ষণ করে ও সংশ্লিষ্ট কথোপকথন পড়তে দিয়ে সবাইকে নিজ নিজ খাতায় বা বইতে **'কাজ-ক'** এর ছকটি পূরণ করতে বলবেন।
- কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- তাদের কাজ ঘুরে ঘুরে দেখবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দৈবচয়নের ভিত্তিতে কয়েকজনকে তাদের কাজ পড়ে শুনাতে বলবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

### ২. জোড়ায় কাজ (কাজ-খ)

- শিক্ষার্থীদের প্রত্যেককে পাঠ্যপুস্তকের ৭১ পৃষ্ঠায় **'কাজ-খ'** এর উপরে দেওয়া বিবৃতিগুলো নীরবে পড়তে বলবেন। পড়ার জন্যে সময় বেঁধে দেবেন।
- পড়া শেষ হলে পাশাপাশি বসা দুজনে মিলে জোড়া তৈরি করবেন।
- জোড়ায় বিবৃতিগুলো আলোচনা করে **'কাজ-খ'** টি সম্পন্ন করতে বলবেন।
- কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ মনিটর করবেন। প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দলনেতাকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

### ৩. দলগত কাজ (কাজ-গ)

- ৫/৬ জনের দল গঠন করবেন।
- প্রত্যেক দলকে **'কাজ-গ'** দেখতে বলবেন।
- দলে আলোচনা করে পাঠ্যপুস্তকের নির্দেশনা অনুযায়ী **'কাজ-গ'** এর ছক একজনের খাতায় বা বইয়ে লিখতে বলবেন।
- সময় নির্দিষ্ট করে দেবেন ও ঘুরে ঘুরে দলগত কাজ মনিটর করবেন ও প্রয়োজনে সহায়তা দেবেন।
- কাজ শেষে দলগত কাজটি দলনেতাকে উপস্থাপন করতে বলবেন।
- উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

### ৪. একক কাজ (কাজ-ঘ)

- শিক্ষার্থীরদেরকে পাঠ্যবইয়ের ৭২ পৃষ্ঠা খুলে **'কাজ-ঘ'** দেখতে বলবেন।
- **'কাজ-ঘ'** সম্পন্ন করতে ৭২ পৃষ্ঠার অনুচ্ছেদটি নীরবে পড়তে বলবেন। পড়ার জন্যে সময় বেঁধে দেবেন।
- পড়া শেষ হলে শিক্ষার্থীরা একাকী ছকটি পূরণ করবে ও আপনি ঘুরে ঘুরে তাদের কাজ দেখবেন।
- নির্দিষ্ট সময় শেষে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

### গ. উপসংহার

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

# ২ ভালো কাজের গুরুত্ব

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৬.১ ন্যায়-অন্যায়ের বিচারবোধ অর্জনের মাধ্যমে ব্যক্তি জীবনে ন্যায়সঙ্গত কাজ করা।

**সেশন সংখ্যা: ২**

**সেশন-৪১**

**(কাজ ক ও খ; পৃষ্ঠা: ৭৩)**

**শিখনফল**

৬.১.২ ন্যায়সঙ্গত কাজ করার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. কয়েকজন শিশু গরীব লোককে সহায়তা করছে এমন ছবি
২. কুড়িয়ে পাওয়া একটি পেন্সিল বক্স ফেরত দেওয়ার ছবি
৩. কর্মপত্র

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. ছবিগুলো প্রদর্শন করে নিম্নরূপ প্রশ্ন করবেন-

- ছবিগুলো কীসের বা কী সম্পর্কিত?
- ছবিতে কী দেখা যাচ্ছে?
- তুমি এই অবস্থায় পড়লে কী করতে?

৩. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠ শিরোনাম **'ভালো কাজের গুরুত্ব'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. একক কাজ (কাজ-ক)**

- পাঠ্যপুস্তকের ৭৩ পৃষ্ঠায় দেওয়া **'কাজ-ক'** এর উপরের কথোপকথনের পড়ে সবাইকে নিজ নিজ খাতায় **'কাজ-ক'** এর প্রশ্নের উত্তর লিখতে বলবেন।
- কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- তাদের কাজ ঘুরে ঘুরে দেখবেন ও প্রয়োজনে সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দৈবচয়নের ভিত্তিতে কয়েকজনকে তাদের কাজ পড়ে শুনাতে বলবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**২. জোড়ায় কাজ (কাজ-খ)**

- শিক্ষার্থীদের প্রত্যেককে ৭৩ পৃষ্ঠার অনুচ্ছেদটি নীরবে পড়তে বলবেন। পড়ার জন্যে সময় বেঁধে দেবেন।
- পড়া শেষ হলে পাশাপাশি বসা দুজনে মিলে জোড়া তৈরি করবেন।
- জোড়ায় অনুচ্ছেদটুকু আলোচনা করে **'কাজ-খ'** এর ছকটি পূরণ করতে বলবেন।
- কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ মনিটর করবেন। প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
- কাজ শেষে দলনেতাকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

গ. উপসংহার

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

## সেশন-৪২

**(কাজ গ ও ঘ; পৃষ্ঠা: ৭৪)**

### শিখনফল

৬.১.৩ দৈনন্দিন জীবনে ন্যায়সঙ্গত কাজের অনুশীলন করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

১. কর্মপত্র

### শিখন-শেখানো কার্যাবলি

### ক. ভূমিকা

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পূর্ব পাঠের বিষয়বস্তুর আলোকে প্রশ্ন করে শিক্ষার্থীদের পাঠে মনোযোগ আকর্ষণ করবেন। যেমন-

- ○ আমরা দৈনন্দিন জীবনে ভাল কাজের অনুশীলন কেন করবো?
- ○ আমাদের সকলের ন্যায় কাজ করা উচিত কেন?
- ○ ন্যায় কাজগুলো কী করা ভাল? কেন ভাল?

৩. প্রশ্ন-উত্তরের সূত্র ধরে আজকের পাঠ কাজ ‘গ’ ও ‘ঘ’ তা ঘোষণা করবেন।

### খ. মূলপাঠ

**১. একক কাজ (কাজ-গ)**

- শিক্ষার্থীরদেরকে পাঠ্যবইয়ের ৭৪ পৃষ্ঠা খুলে **‘কাজ-গ’** দেখতে বলবেন।
- কাজটি কীভাবে করতে হবে তা শিক্ষার্থীদের বুঝিয়ে দেবেন।
- কাজটির জন্যে সময় নির্দিষ্ট করে দেবেন।
- নির্দিষ্ট সময় শেষে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- অধিকাংশ শিক্ষার্থীর কাজই দেখার চেষ্টা করবেন।

**২. দলগত কাজ ভূমিকাভিনয় (কাজ-ঘ)**

ভূমিকাভিনয়ের জন্যে যা যা প্রয়োজন-

- ○ কাগজে লেখা টাকা
- ○ টিফিন বক্স

**ভূমিকাভিনয়ের জন্য স্ক্রিপ্ট-১:**

**চরিত্র: সাজু ও প্রধান শিক্ষক**

(সাজু স্কুলের মাঠে হাঁটছে। হঠাৎ সে দেখতে পেল মাটিতে একটা ব্যাগ পড়ে আছে। সে ব্যাগটা তুলে নিয়ে খুলে দেখলো ভেতরে অনেক টাকা আছে।)

**সাজু:** (নিজের মনে) এত টাকা! কি করবো এখন?

(সাজু কিছুক্ষণ ভাবলো। তারপর সে স্কুলের প্রধান শিক্ষকের কাছে যাওয়ার সিদ্ধান্ত নিলো।)

**সাজু:** (প্রধান শিক্ষককে) স্যার, আমি স্কুলের মাঠে একটা ব্যাগ পেয়েছি। ভেতরে অনেক টাকা আছে। টাকাটা আপনার কাছে জমা দিতে এসেছি।

**প্রধান শিক্ষক:** (খুশি হয়ে) তুমি খুব ভালো কাজ করেছো, সাজু। তোমার এই সততা আমাকে খুব ভালো লেগেছে।

**সাজু:** (লজ্জা পেয়ে) ধন্যবাদ, স্যার।

**প্রধান শিক্ষক:** ঠিক আছে। আমরা এই টাকার ব্যাপারে খোঁজখবর নেবো।

সাজু: (খুশি হয়ে) ধন্যবাদ, স্যার।

**ভূমিকাভিনয়ের জন্য স্ক্রিপ্ট - ২:**

**চরিত্র: নায়রা ও রিফাত**

(নায়রা এবং রিফাত ক্লাসে বসে আছে। টিফিনের সময় হয়েছে।)

**নায়রা:** (টিফিন বের করে) আজ কি খাবি?

**রিফাত:** (দীর্ঘশ্বাস ফেলে) আজ আমার টিফিন নেই।

**নায়রা:** (অবাক হয়ে) কেন?

**রিফাত:** (বিষণ্ন মুখে) সকালে তাড়াহুড়ো করে বেরিয়ে এসেছি। টিফিন আনতে ভুলে গেছি।

**নায়রা:** (কিছুক্ষণ ভেবে) চল আমার টিফিনটা তোর সাথে শেয়ার করি।

**রিফাত:** (খুশি হয়ে) সত্যি?

**নায়রা:** (হেসে) হ্যাঁ, সত্যি।

(নায়রা তার টিফিন বের করে রিফাতের সাথে শেয়ার করে।)

**রিফাত:** ধন্যবাদ, বন্ধু।

**নায়রা:** (লজ্জা পেয়ে) তোকেও ধন্যবাদ।

দুইটি ভূমিকাভিনয় এর জন্যে ৪জন শিক্ষার্থীকে নির্বাচন করবেন।

- শিক্ষার্থীদেরকে ভূমিকাভিনয় এর স্ক্রিপ্ট অনুযায়ী চরিত্র এর সংলাপ প্রস্তুতি গ্রহণ করাবেন।
- প্রথমে স্ক্রিপ্ট-১ এর ভূমিকাভিনয় করতে বলবেন। বাকি সকল শিক্ষার্থীদের ভূমিকাভিনয় পর্যবেক্ষণ করতে বলবেন।
- ভূমিকাভিনয় শেষে শিক্ষার্থীদের কাছ নিম্নরূপ প্রশ্ন করবেন-
    - ভূমিকাভিনয়টি কেমন লেগেছে?
    - সাজু কী করলো?
    - সাজু যে কাজটি করলো সেটি কী ভাল কাজ না কী মন্দ কাজ?
    - তুমি হলে কী করতে?
- এবার স্ক্রিপ্ট-২ এর ভূমিকাভিনয় করতে বলবেন। বাকি সকল শিক্ষার্থীদের ভূমিকাভিনয় পর্যবেক্ষণ করতে বলবেন।
- ভূমিকাভিনয় শেষে শিক্ষার্থীদের কাছ নিম্নরূপ প্রশ্ন করবেন-
    - ভূমিকাভিনয়টি কেমন লেগেছে?
    - নায়রা কী করলো?
    - নায়রা যে কাজটি করলো সেটি কী ভাল কাজ না কী মন্দ কাজ?
    - তুমি হলে কী করতে?
- সবশেষে প্রয়োজনবোধে ভালো কাজের গুরুত্বের বিষয়টিও শিক্ষার্থীদের সামনে তুলে ধরবেন।
- ভূমিকাভিনয় উপস্থাপন শেষে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার**

**সারসংক্ষেপ:** উপস্থাপিত বিষয়বস্তুর আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উস্থাপন করবেন।

**পাঠসমাপ্তি:** শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ও আগামী পাঠের ইঙ্গিত দিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ৬.১ এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৬.১ ন্যায়-অন্যায়ের বিচারবোধ অর্জনের মাধ্যমে ব্যক্তি জীবনে ন্যায়সঙ্গত কাজ করা। | ০৬.০৩(৬.১).০১ (PI-১৮) | ন্যায়-অন্যায় কাজের পার্থক্য করতে পেরেছে। | ন্যায় ও অন্যায় কাজের ধারণা প্রকাশ করতে পেরেছে। | ন্যায় ও অন্যায় কাজের পার্থক্য করতে পেরেছে। | ন্যায় ও অন্যায় কাজের উদাহরণ দিয়ে ব্যাখ্যা করতে পেরেছে। |
| | ০৬.০৩(৬.১).০২ (PI-১৯) | ন্যায় কাজের গুরুত্ব জেনে নিজ জীবনে ন্যায়সঙ্গাত কাজের অনুশীলন করতে পেরেছে। | ন্যায় কাজের গুরুত্ব প্রকাশ করতে পেরেছে। | ন্যায় কাজের গুরুত্ব জেনে তা কীভাবে অনুসরণ করা যায় তা প্রকাশ করতে পেরেছে। | নিজ জীবনে কোন কোন ক্ষেত্রে ন্যায়সঙ্গাত কাজ করেছে তা প্রকাশ করতে পেরেছে। |

# অধ্যায় : ১০
# আমাদের দেশ

## ১ বাংলাদেশের মানচিত্র

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৭.১ বাংলাদেশের মানচিত্রে জেলার অবস্থান ও সীমানা আগ্রহের সাথে চিহ্নিত করা।

**সেশন সংখ্যা: ১**

**সেশন-৪৩**

**(কাজ ক, খ, গ ও ঘ; পৃষ্ঠা: ৭৫-৭৭)**

**শিখনফল**

৭.১.১ মানচিত্রে দিক চিহ্নিত করতে পারবে।

৭.১.২ বাংলাদেশের মানচিত্রে জেলার অবস্থান ও সীমানা চিহ্নিত করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. বাংলাদেশের মানচিত্র ।

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পূর্বজ্ঞান যাচাইয়ের জন্যে বাংলাদেশের মানচিত্র প্রদর্শন করে শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন-

- এটি কী?
- এটি কোন দেশের মানচিত্র?
- মানচিত্রের দিকগুলো কে কে চিহ্নিত করতে পারবে?

৩. শিক্ষর্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠ শিরোনাম **"বাংলাদেশের মানচিত্র"** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. পর্যবেক্ষণ ও জোড়ায় কাজ (কাজ-ক)**

- পাশাপাশি বসা দুজনে জোড়া গঠন করবেন।
- পাঠ্যবই ৭৫ পৃষ্ঠার বাংলাদেশের মানচিত্র ও মানচিত্রের ডান পাশের দিক নির্দেশক সূচকটি মনোযোগ সহকারে পর্যবেক্ষণ করতে বলবেন।
- পর্যবেক্ষণ শেষে পাঠ্যবইয়ের ৭৬ পৃষ্ঠার **'কাজ-ক'** দেখতে বলবেন ।
- শিক্ষার্থীদের ৭৫ পৃষ্ঠার দিক সূচকটি ব্যবহার করে ৭৬ পৃষ্ঠার মানচিত্রের আটটি দিক বইয়ের মান-চিত্রে চিহ্নিত করে লিখতে বলবেন ।
- শিক্ষার্থীরা কীভাবে আটটি দিক লিখবে তা বুঝিয়ে দেবেন এবং সময় নির্দিষ্ট করে দেবেন।
- কাজ চলাকালে ঘুরে ঘুরে পরিবীক্ষণ করবেন ।
- নির্দিষ্ট সময় শেষে দৈবচয়িতভাবে ১/২ টি জোড়ার কাজ  উপস্থাপ করতে বলবেন।
- অন্যান্য জোড়ার শিক্ষার্থীদেরকে তাদের কাজ মিলিয়ে নিতে বলবেন ।

**২. দলগত কাজ (কাজ-খ)**

- ৫/৬ জনের দল গঠন করবেন।
- শিক্ষর্থীদের পাঠ্যবই এর ৭৭ পৃষ্ঠার **'কাজ-খ'** দেখতে বলবেন।
- কীভাবে কাজটি করতে হবে তা বুঝিয়ে বলবেন।
- দলগত কাজের জন্যে সময় নির্ধারণ করে দেবেন।
- কাজ চলাকালে ঘুরে ঘুরে সব দলের কাজ পরিবীক্ষণ  করবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- সব শিক্ষার্থীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করবেন।
- নির্ধারিত সময় শেষে যে কোনো একটি দলকে সামনে এসে তাদের দলগত কাজ উপস্থাপন করতে বলবেন।
- অন্য দলের শিক্ষার্থীরা তাদের কাজের সাথে নিজেদের কাজ মিলিয়ে নেবে, প্রয়োজনে ফলাবর্তন দেবেন।

**৩. একক কাজ (কাজ-গ)**

- শিক্ষার্থীদের নিকট তাদের নিজ জেলার নাম কী, তা জানতে চাইবেন।
- তারপর পাঠ্যবইয়ের ৭৬ পৃষ্ঠা বের করে বাংলাদেশের মানচিত্রে নিজ জেলার অবস্থান চিহ্নিত করে টিকচিহ্ন দিতে বলবেন।
- ঘুরে ঘুরে তাদের কাজ দেখবেন এবং প্রয়োজনে সাহায্য করবেন।
- সঠিকভাবে চিহ্নিত করতে পেরেছে কি না তা কাছে গিয়ে মূল্যায়ন করবেন।

**৪. একক কাজ (কাজ-ঘ)**

- শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের ৭৬ পৃষ্ঠার বাংলাদেশের মানচিত্র ব্যবহার করে **'কাজ-ঘ'**এর ছকে নিজ জেলার চার পাশের জেলাগুলোর নাম লিখতে বলবেন।
- কীভাবে ছকটি পূরণ করবে তা বুঝিয়ে দেবেন এবং ঘুরে ঘুরে কাজটি **মনিটর করবেন** ।
- এককী কাজটি করবে এবং নির্দিষ্ট সময় শেষে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- অধিকাংশ শিক্ষার্থীর কাজগুলো দেখার চেষ্টা করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার:**

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**পাঠ সমাপ্তি:** পরবর্তী পাঠের ইঙ্গিত দিয়ে এবং শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা **৭.১** এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৭.১ বাংলাদেশের মানচিত্রে জেলার অবস্থান ও সীমানা আগ্রহের সাথে চিহ্নিত করা। | ০৬.০৩(৭.১).০১ (PI-২০) | বাংলাদেশের মানচিত্রে জেলার অবস্থান ও সীমানা চিহ্নিত করতে পেরেছে। | বাংলাদেশের মানচিত্রে জেলার অবস্থান চিহ্নিত করতে পেরেছে। | মানচিত্রে নিজ জেলার অবস্থান ও সীমানা চিহ্নিত করতে পেরেছে। | মানচিত্রে দিক চিহ্নিত করে নিজ জেলার চারদিকে কোন কোন জেলা আছে তা প্রকাশ করতে পেরেছে। |

# ২ বাংলাদেশের কৃষিজাত পণ্য

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৭.২ কৌতূহলী হয়ে বিভিন্ন প্রকার কৃষিজাত ও শিল্পজাত দ্রব্য সম্পর্কে জেনে সেগুলোর শ্রেণিকরণ করা।

**সেশন সংখ্যা: ১**

**সেশন-৪৪**

**(কাজ ক, খ, গ, ঘ; পৃষ্ঠা: ৭৮-৮০)**

**শিখনফল**

৭.২.১ কৃষিজাত পণ্য সম্পর্কে বলতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. পাঠ্যবই পৃষ্ঠা ৭৮ এ দেওয়া ছবি।

২. বিভিন্ন কৃষিজাত পণ্যের ছবি/ ভিডিও ক্লিপ।

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. শিক্ষার্থীদের পাঠ্যবই বহির্ভূত কয়েকটি কৃষিপণ্যের ছবি প্রদর্শন করে নিম্নরূপ প্রশ্ন করবেন-

- এগুলো কীসের ছবি?
- এগুলো কোথায় উৎপন্ন হয়?
- এগুলো কী ধরণের পণ্য?

৩. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠের শিরোনাম **'বাংলাদেশের কৃষিজাত পণ্য'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. পর্যবেক্ষণ ও দলগত কাজ (কাজ-ক)**

- ৫/৬ জনের দল গঠন করবেন।

- শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৭৮ পৃষ্ঠার ছবিগুলো  মনোযোগসহকারে পর্যবেক্ষণ করতে বলবেন।
- দলে **'কাজ-ক'** কাজটি কীভাবে করতে হবে তা বুঝিয়ে দেবেন এবং সময় নির্ধারণ করে দেবেন ।
- শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের দলের কাজ পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনীয় সহায়তা করবেন।
- সময় শেষে দলের কাজ উপস্থাপন করতে বলবেন।
- দলে কাজ উপস্থাপনের সময় আলোচনার মাধ্যমে শিক্ষার্থীদের ধারণা সংহত করবেন।

**২. একক কাজ (কাজ-খ)**

- শিক্ষর্থীদের পাঠ্যবইয়ের ৭৯ পৃষ্ঠা খুলে **'কাজ-খ'** দেখতে বলবেন।
- ছকটি কীভাবে পূরণ করতে হবে তা বুঝিয়ে দেবেন।
- শিক্ষার্থীরা পাঠ্যবইয়ে/খাতায় একাকী কাজটি করবে এবং শিক্ষক ঘুরে ঘুরে কাজ দেখবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন
- নির্দিষ্ট সময় শেষে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন।

**৩. জোড়ায় কাজ (কাজ-গ)**

- শিক্ষার্থীদের পাশাপাশি বসা দুজনে মিলে এক একটি জোড়া তৈরি করবেন।
- শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ৭৯ পৃষ্ঠার **'কাজ-গ'** দেখতে বলবেন।
- জোড়ায় কাজটি কীভাবে করতে হবে তা বুঝিয়ে দেবেন এবং সময় নির্ধারণ করে দেবেন।
- শিক্ষক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের জোড়ার  কাজ পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনীয় সহায়তা করবেন।
- সময় শেষে দৈবচয়নের ভিত্তিতে কয়েকটি জোড়ার কাজ উপস্থাপন করতে বলবেন।
- জোড়ার কাজ উপস্থাপনের সময় আলোচনার মাধ্যমে শিক্ষক অন্যান্য জোড়ার শিক্ষার্থীদের ধারণা সংহত করবেন।

**৪. দলগত কাজ (কাজ-ঘ)**

- ৫/৬ জনের দল গঠন করবেন।
- **'কাজ-গ'** এ তৈরিকৃত তালিকা ব্যবহার করে **'কাজ-ঘ'** সম্পন্ন করতে বলবেন।
- দলগত কাজের সময় নির্ধারণ করে দেবেন।
- কাজ চলাকালে ঘুরে ঘুরে সব দলের কাজ পর্যবেক্ষণ করবেন ।
- সব শিক্ষার্থীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- নির্ধারিত সময় শেষে দলগত কাজ উপস্থাপন করতে বলবেন।
- কাজ চলাকালে ও শেষে তাদের কাজের মূল্যায়ন করবেন।
- সুন্দর কাজের জন্যে সকলকে প্রশংসা করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার:**

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

**পাঠ সমাপ্তি:** পরবর্তী পাঠের ইঙ্গিত দিয়ে এবং শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

# ৩ বাংলাদেশের শিল্পজাত পণ্য

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৭.২ কৌতূহলী হয়ে বিভিন্ন প্রকার কৃষিজাত ও শিল্পজাত দ্রব্য সম্পর্কে জেনে সেগুলোর শ্রেণিকরণ করা।

**সেশন সংখ্যা: ১**

**সেশন-৪৫**

**(কাজ ক, খ, গ ও ঘ; পৃষ্ঠা: ৮১ ও ৮২)**

**শিখনফল**

৭.২.২ শিল্পজাত পণ্য সম্পর্কে বলতে পারবে।

৭.২.৩ কৃষি ও শিল্পজাত দ্রব্যের শ্রেণিকরণ করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট ছবি।

২. পাঠ্যবই বহির্ভূত বিভিন্ন শিল্পজাত পণ্যের ছবি/ ভিডিও ক্লিপ।

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. শিক্ষার্থীদের পাঠ্যবই বহির্ভূত কয়েকটি কৃষিশিল্প পণ্যের ছবি প্রদর্শন করে নিম্নরূপ প্রশ্ন করবেন-

- এগুলো কীসের ছবি?
- এ ধরনের পণ্য কোথায় উৎপাদিত হয়?
- এগুলো কী ধরণের পণ্য?

৩. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে আজকের পাঠের শিরোনাম **'বাংলাদেশের শিল্পজাত পণ্য'** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. পর্যবেক্ষণ ও দলগত কাজ (কাজ-ক)**

- ৫/৬ জনের দল গঠন করবেন।

- পাঠ্যপুস্তকের ৮১ পৃষ্ঠার ছবিগুলো মনোযোগ সহকারে পর্যবেক্ষণ করতে বলবেন।
- দলে **'কাজ-ক'** কাজটি কীভাবে করতে হবে তা বুঝিয়ে দেবেন এবং সময় নির্ধরণ করে দেবেন ।
- ঘুরে ঘুরে শিক্ষার্থীদের দলের কাজ পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় সহায়তা করবেন।
- সময় শেষে দলগত কাজ উপস্থাপন করতে বলবেন।
- দলের কাজ উপস্থাপনের সময় আলোচনার মাধ্যমে অন্যান্য শিক্ষার্থীদের ধারণা সংহত করবেন।

**২. একক কাজ (কাজ-খ)**

- শিক্ষার্থীদের ৮২ পৃষ্ঠার পাঠ্যাংশটুকু নীরবে পড়তে বলবেন।
- পাঠ্যবইয়ের ৮২ পৃষ্ঠা খুলে **'কাজ-খ'** দেখতে বলবেন।
- ছকটি কীভাবে পূরণ করতে হবে তা বুঝিয়ে দেবেন।
- শিক্ষার্থীরা বাড়িতে ব্যবহার করে এমন কিছু শিল্পজাত পণ্যের তালিকা বই/খাতায় লিখতে বলবেন।
- শিক্ষক সময় নির্ধারণ করে দেবেন এবং ঘুরে ঘুরে কাজ দেখবেন।
- নির্দিষ্ট সময় শেষে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন।
- প্রয়োজনীয় সহায়তা করবেন এবং ফলাবর্তন দেবেন।

**৩. দলগত কাজ (কাজ-গ)**

- ৫/৬ জনের দল গঠন করবেন।
- শিক্ষক পাঠ্যবইয়ের ৮২ পৃষ্ঠার **'কাজ-গ'** কীভাবে করতে হবে তা বুঝিয়ে দেবেন।
- বইয়ের নির্দেশ মতো বই/খাতায় লিখতে বলবেন।
- সময় নির্ধারণ করে দেবেন এবং ঘুরে ঘুরে সব দলের কাজ পর্যবেক্ষণ করবেন।
- সব শিক্ষার্থীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- নির্ধারিত সময় শেষে দলগত কাজ উপস্থাপন করাবেন।
- কাজ চলাকালে ও শেষে তাদের কাজের মূল্যায়ন করবেন।
- সুন্দর কাজের জন্যে সকলকে প্রশংসা করবেন।

**যুক্তিনির্ভর ও ফলপ্রসু আলোচনার জন্যে শিক্ষার্থীদের প্রশ্ন করা, কোনো কিছু সংযোজন করা, যুক্তি ও পাল্টা যুক্তি উপস্থাপন ও সহপাঠী কর্তৃক মূল্যায়নের সুযোগ দেবেন। শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ে পর্যবেক্ষণ, প্রশ্ন ও প্রাসঙ্গিক কাজের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা মূল্যায়ন করবেন। প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করে শিখন নিশ্চিত করবেন।**

**গ. উপসংহার:**

**সারসংক্ষেপ:** শিখনফলের আলোকে আজকের পাঠের সারসংক্ষেপ উপস্থাপন করবেন।

পাঠ সমাপ্তি: পরবর্তী পাঠের ইঙ্গিত দিয়ে এবং শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি ঘোষণা করবেন।

শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ৭.২ এর পারদর্শিতা মূল্যায়ন ছক:

| অর্জন উপযোগী যোগ্যতা | পারদর্শিতার সূচক নম্বর (PI) | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৭.২ কৌতুহলী হয়ে বিভিন্ন প্রকার কৃষিজাত ও শিল্পজাত দ্রব্য সম্পর্কে জেনে সেগুলোর শ্রেণিকরণ করা। | ০৬.০৩(৭.২).০১ (PI-২১) | কৃষিজাত ও শিল্পজাত পণ্য সম্পর্কে জেনে তার শ্রেণিকরণ করতে পেরেছে। | বাড়িতে ব্যবহৃত হয় এমন কয়েকটি কৃষিজাত ও শিল্পজাত পণ্যের ধারণা প্রকাশ করতে পেরেছে। | দৈনন্দিন জীবনে ব্যবহৃত কৃষিজাত ও শিল্পজাত পণ্যের তালিকা তৈরি করতে পেরেছে। | কৃষিজাত পণ্য ও শিল্পজাত পণ্যের শ্রেণিকরণ করতে পেরেছে। |

# ৪ বাংলাদেশের জনসংখ্যা ও সম্পদ

**শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা**

৭.৩ বাংলাদেশের জনসংখ্যা সম্পর্কে ধারণা লাভ করে জনসংখ্যা ও সম্পদের সাথে সম্পর্ক স্থাপনে উৎসাহী হওয়া।

**সেশন সংখ্যা: ২**

**সেশন-৪৬**

**(কাজ ক, খ; পৃষ্ঠা: ৮৩ ও ৮৪)**

**শিখনফল**

৭.৩.১ বাংলাদেশের জনসংখ্যা সম্পর্কে বলতে পারবে।

৭.৩.২ জনসংখ্যা ও সম্পদের সম্পর্ক স্থাপন করতে পারবে।

**শিখন-শেখানো উপকরণ**

১. বেশি সদস্য বিশিষ্ট পরিবারের ছবি।

২. বাংলাদেশের জনসংখ্যা বন্টনের মানচিত্র।

**শিখন-শেখানো কার্যাবলি**

**ক. ভূমিকা**

১. শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন।

২. পূর্বজ্ঞান যাচাইয়ের জন্যে ১ নং উপকরণ পরিবারের ছবি দেখিয়ে শিক্ষার্থীদের প্রশ্ন করবেন।

- এটি কীসের ছবি?
- এ পরিবারে কে কে থাকেন?
- তোমাদের আশেপাশে আর কারা থাকেন?
- সারা বাংলাদেশের সব মানুষকে আমরা কী বলি?

৩. শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে জনসংখ্যা কী তার ধারণা দেবেন এবং আজকের পাঠের শিরোনাম **‘বাংলাদেশের জনসংখ্যা ও সম্পদ’** ঘোষণা করবেন ও বোর্ডে লিখে দেবেন।

**খ. মূলপাঠ**

**১. জোড়ায় কাজ (কাজ-ক)**

- শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের ৮৩ পৃষ্ঠার পাঠ্যাংশটুকু নীরবে পড়তে বলবেন।
- পড়া শেষ হলে পাশাপাশি বসা দুজনে মিলে এক একটি জোড়া তৈরি করবেন।
- প্রত্যেক জোড়াকে পাঠ্যপুস্তকের ৮৩ পৃষ্ঠায় দেওয়া **'কাজ-ক'** এর ছক বইয়ের নির্দেশ মতো পাঠ্যাংশের সহায়তায় পূরণ করতে বলবেন।
- ঘুরে ঘুরে জোড়ার কাজ পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনীয় সহায়তা করবেন।
- সময় শেষে দৈবচয়নের ভিত্তিতে কয়েকটি জোড়ার কাজ উপস্থাপন করতে বলবেন।
- জোড়ার কাজ উপস্থাপনের সময় আলোচনার মাধ্যমে শিক্ষক অন্যান্য জোড়ার শিক্ষার্থীদের ধারণা সংহত করবেন।

**২. দলগত কাজ (কাজ-খ)**

- ৫/৬ জনের দল গঠন করবেন।
- পাঠ্যবইয়ের ৮৪ পৃষ্ঠার **'কাজ-খ'** মানচিত্র পর্যবেক্ষণ করে কীভাবে বিভাগগুলো সাজোবে তা বুঝিয়ে দেবেন।
- সময় নির্ধারণ করে দেবেন এবং কাজ চলাকালে ঘুরে ঘুরে সব দলের কাজ পর্যবেক্ষণ করবেন।
- সব শিক্ষার্থীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- নির্ধারিত সময় শেষে দলগত কাজ উপস্থাপন করতে বলবেন।
- কাজ চলাকালে ও শেষে তাদের কাজের মূল্যায়ন করবেন।
- সুন্দর কাজের জন্যে সকলকে প্রশংসা করবেন।

